দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ মার্চ ২০২৬ ॥ ১৫ রমজান ১৪৪৭ ॥ ২০ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৯১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আপনি কি তাদের দেখেননি, যারা কিতাবের কিছু অংশ পেয়েছে-আল্লাহর কিতাবের প্রতি তাদের আহবান করা হয়েছিল যাতে তাদের মধ্যে মীমাংসা করা যায়। অতঃপর তাদের মধ্যে একদল তা অমান্য করে মুখ ফিরিয়ে নেয়।

সূরা আল ইমরান ২৩

সারা দেশে বৃক্ষরোপণ জোরদারের নির্দেশ প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক

সারা দেশে সবুজায়ন বৃদ্ধি ও পরিবেশের ভারসাম্য রক্ষায় আগামী ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের বিশাল কর্মপরিকল্পনা ২ এর পাতায় দেখুন

মধ্যপ্রাচ্যের যুদ্ধ দীর্ঘ হলে বাংলাদেশের অর্থনীতি চাপে পড়বে

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি চলতে থাকলে বাংলাদেশের মতো রাষ্ট্রের অর্থনৈতিক প্রতিক্রিয়া কেমন হতে পারেড়তা যুক্তরাষ্ট্রের ২ এর পাতায় দেখুন

সামনে প্রস্তুতি নিয়ে মাঠে নামতে হবে: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, গণঅভ্যুত্থানের পরবর্তী ২ এর পাতায় দেখুন

২৯৭ আসনের কেন্দ্রভিত্তিক ফলাফল প্রকাশ করল ইসি

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কেন্দ্রভিত্তিক বিস্তারিত ফলাফল প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। ৩০০টি ২ এর পাতায় দেখুন

রাজনৈতিক ছত্রছায়ায় অপরাধীদের তালিকা প্রস্তুত

শিগগির দেশজুড়ে সাঁড়াশি অভিযান

কীর্তনখোলা ডেস্ক

হঠাৎ বেড়ে গেলো খুন-ধর্ষণের মতো ঘটনা। গত ফেব্রুয়ারি মাসে বেশ কয়েকটি চাঞ্চল্যকর হত্যা ও ধর্ষণের ঘটনায় প্রশাসনের টনক নড়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান দায়িত্ব নেওয়ার পর সন্ত্রাস, মাদক, অপরাধ ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি দিলেও, এ ধরনের নৃশংস ঘটনা দেশের নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে গভীর উদ্বেগ তৈরি করছে। আইনশৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতনরা বলছেন, প্রস্তুত করা হচ্ছে অপরাধীদের তালিকা, শিগগির দেশব্যাপী শুরু হবে 'বিশেষ অভিযান'। ২৮ ফেব্রুয়ারির ঘটনা। চট্টগ্রামে চাঁদা না পেয়ে স্মার্ট গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মুজিবুর রহমানের বাড়ি লক্ষ্য করে গুলিবর্ষণের ঘটনা ঘটে।

বাড়ির পেছনের খালপাড় থেকে ভারী অস্ত্র নিয়ে গুলি করা হয়। এতে কেউ হতাহত না হলেও ক্ষতিগ্রস্ত হয় বাড়ি। এ ঘটনার পর স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, একটি সন্ত্রাসী গ্রুপ প্রায় দুই মাস আগে একজন বড় ব্যবসায়ীর কাছে চাঁদা চেয়েছিল। ওই ব্যবসায়ীর বাসায় পুলিশ প্রহরাও দিয়েছে। সেই সন্ত্রাসী গ্রুপ হয়তো সুবিধা পায়নি। দুই মাস পরে আবার একই রকমের কর্মকাণ্ড করেছে। হেভি উইপেনসহ গোলাগুলি করে। সন্ত্রাসীদের একটি গ্রুপকে চিহ্নিত করা সম্ভব হয়েছে। তাদের ধরতে বিভিন্ন গোয়েন্দা সংস্থা কাজ করছে। গত ১ মার্চ রাতের ঘটনা। খুলনার বাগমারার জাহিদুর রহমান সড়কে আব্দুল আজিজ নামে এক যুবককে গুলি করে ও কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। রাত ৯টায় মোটরসাইকেলে এসে দুজন দুর্বৃত্ত প্রথমে তাকে গুলি করে, তারপর এলোপাথাড়ি কুপিয়ে ফেলে রেখে চলে যায়। গুরুতর আহত অবস্থায় ঢাকায় নেওয়ার পর রাত ২টায় চিকিৎসাধীন অবস্থায় আজিজ মারা যান। এর একদিন আগে নৃশংসভাবে কুপিয়ে ও দুই পায়ের রগ কেটে হত্যা করা হয় যুবদল নেতা খান মুরাদকে। হাটের সরকারি ইজারার টাকার ভাগবাটোয়ারা নিয়ে যুবদলের যুগ্ম আহ্বায়ককে এমন নৃশংসভাবে হত্যা করা হয়। উপজেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক সাজ্জাদ হোসেন ২ এর পাতায় দেখুন

রমজানের শিক্ষা: আহার ও জীবনযাপনে পরিমিতিবোধ

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ১৫তম দিবস। সিয়াম সাধনার এই মধ্যসময়ে আমাদের গভীর উপলব্ধিতে আসা প্রয়োজন যে, রোজা কেবল উপবাস থাকার নাম নয়, বরং এটি আহার ও জীবনযাপনের সকল ক্ষেত্রে পরিমিতিবোধ ও অপচয় রোধের এক অনন্য প্রশিক্ষণ। সারাদিন ক্ষুধার্ত থাকার পর ইফতারের সময় টেবিলজুড়ে খাবারের ২ এর পাতায় দেখুন

বরিশাল বেতারে আবৃত্তি শিল্পীদের কণ্ঠস্বর পরীক্ষা

কীর্তনখোলা রিপোর্ট

গত মঙ্গলবার বাংলাদেশ বেতার বরিশালে অনুষ্ঠিত হয়েছে আবৃত্তি শিল্পীর কণ্ঠস্বর পরীক্ষা। আঞ্চলিক পরিচালক ড. হারুন অর রশিদ, উপ-আঞ্চলিক পরিচালক (তথ্য) এবং অনুষ্ঠান সহকারী পরিচালকের স্বাক্ষরিত প্রকাশিত ফলাফলে আবৃত্তি শিল্পী তালিকাভুক্তির লক্ষে কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ন সংখ্যা আঠারো জন। এতে বরিশাল বিভাগের বিভিন্ন জেলার প্রতিযোগীরা অংশ নেন। জানা গেছে সর্বমোট ষাট এর অধীক আবেদনকারীর মধ্য থেকে ২ এর পাতায় দেখুন

ভোলার হাসপাতালে নেই জলাতঙ্ক রোগের ভ্যাকসিন

ভোলা প্রতিনিধি

ভোলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালসহ ছয়টি উপজেলার হাসপাতালগুলোতে নেই জলাতঙ্ক রোগের ভ্যাকসিন। বাজারের ফার্মেসিগুলোতেও রয়েছে এর তীব্র সংকট। এতে দুশ্চিন্তায় জেলার প্রায় ২২ লাখ মানুষ। বুধবার (৪ মার্চ) সকালে হাসপাতালের পুরাতন ভবনের জলাতঙ্ক নিয়ন্ত্রণ কেন্দ্রের সামনে ভিড় করছেন রোগীরা। কেউ এসেছেন কুকুরের কামড়ে শিকার হয়ে ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়

সহপাঠীদের 'আপত্তিকর ছবি-ভিডিও ধারণ', শিক্ষার্থী আটক

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয়ের নারী সহপাঠীদের আপত্তিকর ছবি ও ভিডিও ধারণের অভিযোগে এক শিক্ষার্থীকে পুলিশে দিয়ে কর্তৃপক্ষ। বুধবার বিকালে বরিশাল মহানগর পুলিশের বন্দর থানায় তাকে সোপর্দ করা হয় বলে জানান ওসি ইসমাইল হোসেন। এ ঘটনার জড়িত ছাত্রের শাস্তি দাবিতে এদিন দুপুরে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। এ ছাড়া বিশ্ববিদ্যালয় প্রক্টর বরাবর আলাদা দুটি অভিযোগ দেওয়া হয়। আটক শিক্ষার্থীর নাম তুর্য্য প্রিনাম বাড়ৈ। তিনি রসায়ন বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। বন্দর থানার ওসি ইসমাইল হোসেন বলেন, "বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মামলা করার কথা জানিয়েছে। মামলার এজাহার পেলে বিস্তারিত বলতে পারব। সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।" বরিশাল বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের মো. মিরাজ বলেন, "মঙ্গলবার ইফতারের পর তুর্য্য এক নারী সহপাঠীর অনুমতি ছাড়া আপত্তিকর কিছু ছবি মোবাইল ফোনে ধারণ করেন। তাৎক্ষণিক বিষয়টি বুঝতে পেরে তুর্য্যের ফোন ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কর্পোরেশনের আয়োজনে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠানে উপস্থিত বিভাগীয় কমিশনার মাহফুজুর রহমানসহ কর্মকর্তাবৃন্দ -কীর্তনখোলা

৮ প্রতিমন্ত্রীর দায়িত্ব পুনর্বণ্টন: কার দপ্তর গেল কোথায়?

কীর্তনখোলা ডেস্ক

সরকারের ৮ প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন করা হয়েছে। বুধবার (০৪ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকা মো. শরীফুল আলমকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা সুলতান সালাউদ্দিন টুকুকে দেওয়া হয়েছে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা হাবিবুর রশিদকে রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের আরেক প্রতিমন্ত্রী মো. রাজিব আহসানকে নৌপরিবহন মন্ত্রণালয় এবং সেতু বিভাগের ২ এর পাতায় দেখুন

জরিমানা যেনো বালু তোলার লাইসেন্স জরিমানা গুনেই ফের সক্রিয় সিন্ডিকেট

আর্শাদুল হক, বোরহানউদ্দিন

অবৈধ ভাবে ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলন ও চরের কৃষি জমির মাটি কেটে নেওয়াসহ পরিবহনের দায়ে ভোলার বোরহানউদ্দিন উপজেলার তেতুলিয়া নদীতে অভিযান চালিয়ে ২ টি লোড ড্রেজার মেশিনসহ ১টি বাল্কহেড আটক করেছে উপজেলা প্রশাসন। আটককৃত লোড ড্রেজার মেশিনের শ্রমিক ও বল্কহেড এর শ্রমিককে মোট সাড়ে ৪ লক্ষ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। জরিমানা করে ড্রেজার মেশিনটি ছেড়ে দেওয়ার কিছুক্ষণ পর পুনরায় আরার বালু উত্তোলন শুরু করেন। এতে ওই এলাকার বসবাসকারীরা সংক্ষুব্ধ হন। বুধবার (৪ ফেব্রুয়ারি ২০২৬) সকালে উপজেলা প্রশাসন কতৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের অভিযানে এই দণ্ড প্রদান করা হয়। বোরহানউদ্দিন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনজিৎ চন্দ্র দাস ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এ সময় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরাও উপস্থিত ছিলেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২ এর পাতায় দেখুন

মুসলমানদের ঐক্যবদ্ধ রাখতে আলেমদের কার্যকরী ভূমিকা রাখতে হবে: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট

মুসলমানদের ঐক্যবদ্ধ রাখতে আলেম সমাজের দায়িত্ব অনেক, মুসলমানদের ঐক্যবদ্ধ রাখার জন্য আলেমদের কার্যকরী ভূমিকা রাখতে হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল। গতকাল বুধবার নগরীর অশ্বিনী কুমার টাউন হলে মহানগর ওলামা বিভাগ ও মসজিদ মিশনের যৌথ উদ্যোগে মাহে রমজানের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অ্যাডভোকেট হেলাল আরও বলেন, আল্লাহ নবী রাসূল থেকে শুরু করে সকল মুসলিমদের দ্বীন তথা ২ এর পাতায় দেখুন



পরিবারের কাছে ফেরা হলো না, ফায়ার সার্ভিস কর্মী প্রান্ত'র

কীর্তনখোলা রিপোর্ট

নিজের মোটরসাইকেল নিয়ে কর্মস্থল নোয়াখালীর সেনবাগ থেকে মঙ্গলবার দুপুর ১টার দিকে বাড়ির উদ্দেশ্যে রওনা হয়েছিলেন প্রান্ত মণ্ডল। তিনি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একজন অগ্নিনির্বাপক কর্মী। রওনা হওয়ার পর ফেসবুক স্টোরিতে নিজের মোটরসাইকেলের একটি ছবি দিয়ে লিখেছিলেন- 'এবার গন্তব্য আমার পরিবার।' তবে শেষ পর্যন্ত আর বাড়ি ফেরা হলো না তার। পথিমধ্যেই তিনি সড়ক দুর্ঘটনায় প্রাণ হারান। মঙ্গলবার (৩ মার্চ) রাত ৯টার দিকে বরিশালের উজিরপুর উপজেলার ইচলাদী স্টেশন সংলগ্ন ঢাকা-বরিশাল মহাসড়কে বিপরীত দিক থেকে আসা একটি পিকআপ ভ্যানের সঙ্গে মোটরসাইকেলের সংঘর্ষে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা ২ এর পাতায় দেখুন

ওলামা বিভাগ ও বাংলাদেশ মসজিদ মিশন বরিশাল মহানগর শাখার উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া মোনাজাতে উপস্থিত জামায়াত নেতৃবৃন্দ -কীর্তনখোলা

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

সমন্বিত পদক্ষেপ নিতে হবে

গাজায় ইসরায়েলি হামলা বন্ধ হয়নি। এর মধ্যেই আন্তর্জাতিক আইন-কানুনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ইরানে ভয়াবহ হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। সীমিত সক্ষমতায় ইরানও পাল্টা হামলা চালাচ্ছে। ফলে মধ্যপ্রাচ্যজুড়ে জ্বলে উঠেছে যুদ্ধের আগুন। এর ফলে বিশ্ব অর্থনীতিতে বড় ধরনের ধাক্কা লাগার আশঙ্কা করা হচ্ছে। বাংলাদেশেও তার বড় ধাক্কা লাগতে পারে, শঙ্কার বার্তা দিচ্ছে বিশেষজ্ঞমহল। আলোচনার পথ পরিহার করে গত শনিবার ইরানজুড়ে আকস্মিক হামলা শুরু করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। এতে প্রথম দিনই ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিসহ অন্তত ৪০ জন কর্মকর্তা নিহত হয়েছেন। দেড় শতাধিক স্কুল শিক্ষার্থীসহ পাঁচ শতাধিক মানুষ নিহত হয়েছে। এ ধরনের বেপরোয়া, একতরফা পদক্ষেপ আবারও প্রমাণ করল, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আসলে আন্তর্জাতিক নিয়ম-নীতির কোনো তোয়াক্কা করেন না। আমরা এ ধরনের আগ্রাসনের নিন্দা জানাই। গাজায় গণহত্যায় ইসরায়েলকে জবাবদিহি করতে ব্যর্থ হয়েছে বিশ্ব। এবার ইরানের ওপর একই ধরনের যুদ্ধ চাপিয়ে দেওয়া হয়েছে। মার্কিন আগ্রাসনের জবাবে এরই মধ্যে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে অবস্থিত মার্কিন ঘাঁটিগুলোতে ক্ষেপণাস্ত্র হামলা করেছে তেহরান। তেহরান থেকে সরেজমিন প্রতিবেদনে বলা হয়েছে, সর্বোচ্চ নেতার মৃত্যুর পর ইরানজুড়ে চলছে মাতম। মসজিদ-ই-জামকারানে লাল পতাকা ওড়ানো হয়েছে এর অর্থ হলো কঠোর প্রতিশোধ নেবে ইরান। এ থেকে আশঙ্কা করা হচ্ছে, যুদ্ধ দীর্ঘস্থায়ী হবে। আর সেটি হলে অর্থনীতিতে মারাত্মক বিরূপ প্রভাব পড়বে। মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে বহির্বিশ্বে জ্বালানি সরবরাহের অন্যতম নৌপথ হরমুজ প্রণালি বন্ধ করে দিয়েছে ইরান। সন্দেহ নেই, এতে বিশ্বে জ্বালানির মূল্য বৃদ্ধি পাবে। বিশেষ করে যুদ্ধ ধরনের চাপে পড়বে বাংলাদেশের জ্বালানি খাত। কারণে কষ্টের খবর হলো, বাংলাদেশের জ্বালানি চাহিদার ৬৫ থেকে ৭০ শতাংশই আমদানিনির্ভর, যার একটি বড় অংশ আসে কাতার, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত থেকে। আর আমাদের তেল-গ্যাস আমদানির ৯০ শতাংশই হরমুজ প্রণালি নির্ভর। কাজেই যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে এবং হরমুজ প্রণালি বন্ধ থাকলে দেশের সামনে বড় অনিশ্চয়তা অপেক্ষা করছে। জ্বালানি খাত ছাড়াও বাংলাদেশের প্রবাস আয় বা রেমিট্যান্সে খরা দেখা দিতে পারে। কেননা এর বড় অংশ আসে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে কর্মরত শ্রমিকদের কাছ থেকে। সরকারি হিসাব অনুযায়ী ৫০ থেকে ৬০ লাখ বাংলাদেশি মধ্যপ্রাচ্যে কাজ করছেন। বৈধ-অবৈধ হিসাবে এই সংখ্যা আরো বেশি। তাঁদের কাছ থেকে আসা আর্থিক প্রবাহ বন্ধ হলে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ও সামষ্টিক অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে। এ নিয়ে শঙ্কা প্রকাশ করেছেন আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ ও সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজের (সিজিএস) নির্বাহী পরিচালক পারভেজ করিম আব্বাসি। তাঁর পরামর্শ, জ্বালানি প্রস্তুতি, কৌশলগত পরিকল্পনা ও বহুমাত্রিক সমন্বয়ই হতে পারে বাংলাদেশের নিরাপত্তা ও অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষার প্রধান উপায়। সর্বোপরি যুদ্ধ বন্ধে জাতিসংঘসহ বিশ্বনেতাদের উদ্যোগী হতে হবে। আর সে ক্ষেত্রে আলাপ-আলোচনার কোনো বিকল্প নেই। যুদ্ধ কোনো সমাধান হতে পারে না তাড়াই বিষয়টি মোড়ল রাষ্ট্রগুলোকে বুঝতে হবে। তাই আলোচনার পথ উন্মুক্ত করে চলমান সংঘাতের অবসান হবেড় এটিই কাম্য।

ভোলার হাসপাতালে নেই

আবার কেউ এসেছেন বিড়ালের আঁচড়ে শিকার হয়ে। রোগীদের মধ্যে শিশুসহ নানা বয়সী নারী ও পুরুষ রয়েছেন। কিন্তু হাসপাতালে মিলছে না ভ্যাকসিন। এমনকি বাজারের ফার্মেসিগুলোতেও সচরাচর মিলছে না ভ্যাকসিন। এমন পরিস্থিতিতে ক্ষোভ রোগী ও স্বজনদের। দৌলতখান উপজেলা থেকে আসা রোগী মাইনুর আক্তার জানান, আত্মীয়ের বাড়িতে যাওয়ার সময় একটি কুকুর কামড় দেয়। পরে দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্যাকসিন দিতে গেলে সেখানে ভ্যাকসিন পাননি। এরপর ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের জলাতঙ্ক নিয়ন্ত্রণ কেন্দ্রেও এসে পাননি ভ্যাকসিন। এখানকার নার্স ও চিকিৎসকরা জানিয়েছেন, তাদের হাসপাতালে ভ্যাকসিন নেই। তাই বাইরে থেকে কিনে আনলে তারা ভ্যাকসিন দিয়ে দিতে পারবেন। বাজার থেকে ভ্যাকসিন কিনতে পারলে তো এখানে আসার দরকার ছিল না। বোরহানউদ্দিন উপজেলার টবগী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড থেকে আসা রোগীর স্বজন মো. ফিরোজ আলম জানান, তার শিশু সন্তানকে বিড়াল আঁচড় দিয়েছে। তিনি বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গেলে সেখানকার চিকিৎসকরা ভ্যাকসিন না থাকায় তাকে ভোলা সদর হাসপাতালে পাঠান। তিনি সদর হাসপাতালে আসলেও এখানেও ভ্যাকসিন পাননি। তিনি জানান, এত দূর থেকে এসেও ভ্যাকসিন পাননি। সরকারি হাসপাতালে যদি ভ্যাকসিন না থাকে, তাহলে গরিবের চিকিৎসা হয় কীভাবে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে। ভোলা সদর উপজেলার চরসামাইয়া ইউনিয়নের শান্তিরহাট থেকে আসা রোগীর স্বজন জানান, সন্তানকে কুকুরে কামড় দেওয়ার পর ভ্যাকসিন দেওয়াতে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে এসেছি। কিন্তু ভ্যাকসিন নেই। পরে বাধ্য হয়ে চারজন মিলে টাকা তুলে একটি ভ্যাকসিন কিনেছি। ওই ভ্যাকসিন দিয়ে বাড়ি ফিরছি। আরেক রোগীর স্বজন লিমা আক্তার জানান, ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভ্যাকসিন না পেয়ে ভোলার শহরের বেশ কয়েকটি ফার্মেসিতে খোঁজ করে তারপর ভ্যাকসিন পেয়েছেন। ফার্মেসিতেও ভ্যাকসিন সচরাচর পাওয়া যায় না। এ অবস্থায় আমাদের অভিভাবকদের দুশ্চিন্তার শেষ নেই। ভোলার শহরের স্থানীয় বাসিন্দা মো. সাইফুল ইসলাম ও মো. হারুন অর রশিদ জানান, ভোলার শহর থেকে গ্রামড়সব রাস্তা ও বাড়ির আশপাশে বর্তমানে কুকুরের উপদ্রব বেড়েছে। সঙ্গে কুকুরের আক্রমণও বেড়েছে। কিন্তু দুঃখের বিষয়, ভোলা সদর হাসপাতালে ভ্যাকসিন নেই। এমনকি ভোলার ফার্মেসিগুলোতেও ভ্যাকসিনের তীব্র সংকট। আমরা হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ করবো দ্রুত যেন এ সমস্যার সমাধান করেন। ভোলা সদর রোডের ফার্মেসি ব্যবসায়ী মো. আরিফ ও মো. ইকবাল হোসেন জানান, বিগত দুই মাস ধরে কোম্পানিগুলো আমাদের ভ্যাকসিন চাহিদা অনুযায়ী দিতে পারছে না। আমাদের দৈনিক প্রয়োজন ৫০টি, সেখানে আমাদের সপ্তাহে দেয় ১০-২০টি। তাই আমরাও ক্রেতাদের কাছে বিক্রি করতে পারছি না। ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. তৈয়বুর রহমান জানান, দুই মাস ধরে ভ্যাকসিন নেই। এতে রোগীদের সেবা দিতে পারছেন না। তবে দ্রুত ভ্যাকসিন দেওয়ার ব্যাপারে কর্তৃপক্ষকে জানিয়েছেন। এছাড়াও বাজারেও ভ্যাকসিনের সংকট রয়েছে। তাই সবাইকে কুকুর ও বিড়াল থেকে সাবধানে থাকার পাশাপাশি আঁচড় বা কামড় দিলে অন্তত ৩০ মিনিট সাবান-পানিতে ধুয়ে নেওয়ার পরামর্শ দেন।

বরিশাল বেতারে আবৃত্তি

কণ্ঠস্বর পরীক্ষায় অংশ নেয় পঁয়ত্রিশ জন। এদের মধ্যে যোগ্যতা, স্বরনিয়ন্ত্রণ, শুদ্ধ উচ্চারণ, উপস্থাপন, দক্ষতা ও পারফরম্যান্স মূল্যায়নের মাধ্যমে এ ফলাফল প্রকাশ করা হয়েছে। সদ্য তালিকাভুক্ত আবৃত্তি শিল্পী বরিশালের মৌমিতা বিনতে মিজান তার অনুভূতি ব্যক্ত করে বলেন- আলহামদুলিল্লাহ। বাংলাদেশ বেতার বরিশাল কেন্দ্রে আবৃত্তিশিল্পী হিসেবে কণ্ঠস্বর পরীক্ষায় উত্তীর্ণ হলাম। গান প্রীতি এবং আবৃত্তি আমার হৃদয়ের সাথে মিশে আছে। সত্যিই আমি আজ খুবই উচ্ছ্বসিত ও আনন্দিত। বাংলাদেশ বেতারের তথা রাষ্ট্রীয় গণমাধ্যমে শিল্পী হিসেবে সুযোগ পাওয়া একটি বড় অর্জন। তাই কৃতজ্ঞতা জানাই মহান রবের প্রতি। সাফল্যের পর নিজের অনুভূতি ও আনন্দ প্রকাশ করে ভোলার দোলন চাপা দে বলেন- এই উত্তীর্ণের মাধ্যমে বেতার শিল্পী হিসেবে তালিকাভুক্ত হওয়ার স্বপ্ন পূরণ হল, যা তার আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে।

রমজানের শিক্ষা: আহার ও জীবনযাপনে

বাহুল্য সাজানো বা উদরপূর্তি করে আহার করা রোজার মূল চেতনার পরিপন্থী। পবিত্র কুরআনের সূরা আরাফের ৩১ নম্বর আয়াতে আল্লাহ তাআলা স্পষ্ট নির্দেশ দিয়েছেন, তোমরা পানাহার করো, কিন্তু অপচয় করো না নিশ্চয়ই তিনি (আল্লাহ) অপচয়কারীদের পছন্দ করেন না। রমজান আমাদের শেখায় যে, বেঁচে থাকার জন্য আহার প্রয়োজন, কিন্তু আহারের জন্য বেঁচে থাকা মুমিনের কাজ নয়। রাসুলুল্লাহ (সা.) আহারের ক্ষেত্রে অত্যন্ত বৈজ্ঞানিক ও আধ্যাত্মিক একটি মূলনীতি প্রদান করেছেন। তিনি ইরশাদ করেছেন, মানুষের জন্য তার পিঠ সোজা রাখার মতো কয়েক লোকমা খাবারই যথেষ্ট আর যদি এর চেয়ে বেশি খেতেই হয়, তবে যেন পেটের এক-তৃতীয়াংশ খাবারের জন্য, এক-তৃতীয়াংশ পানির জন্য এবং বাকি এক-তৃতীয়াংশ শ্বাস-প্রশ্বাসের জন্য রাখে (সুনানে তিরমিজি: ২৩৮০, ইবনে মাজাহ: ৩৩৮৯)। সিয়ামের এই দিনগুলোতে আমাদের জীবনযাত্রায় বিলাসিতা বর্জন ও সংযম ও সাধারণ জীবনযাপনের অভ্যাস করা উচিত। ইফতার বা সেহরিতে মাত্রাতিরিক্ত খাবারের আয়োজন না করে সেই উদ্বৃত্ত অর্থ দিয়ে অভাবী মানুষের মুখে অন্ন তুলে দেওয়াই হলো রমজানের প্রকৃত পাথেয়। যদি আমরা আহার ও ব্যয়ের ক্ষেত্রে এই পরিমিতিবোধ সারা বছর ধরে রাখতে পারি, তবেই আমাদের শারীরিক সুস্থতার পাশাপাশি আত্মিক প্রশান্তি অর্জিত হবে এবং সমাজ থেকে সম্পদের অসমতা ও অপচয় দূর হবে।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

সহপাঠীদের 'আপত্তিকর ছবি-ভিডিও

চেক করেন ওই ছাত্রী। "তখন তুর্য্যের ফোনে আরও অনেক মেয়ের আপত্তিকর ছবি দেখতে পান ওই ছাত্রী। বিষয়টি জানাজানি হলে অন্য নারী সহপাঠীরা তুর্য্যের ফোনে তাদেরও আপত্তিকর ছবি দেখতে পান। পরে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর টিম ও বিভাগের শিক্ষকদের ঘটনাটি জানান।" তিনি বলেন, এদিন সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কার্যালয় বরাবর সাধারণ শিক্ষার্থী ও সনাতন ধর্মাবলম্বী ছাত্রীরা আলাদা দুটি লিখিত অভিযোগ দেন। সেখানে তারা তুর্য্যের শাস্তির দাবি করেন। পরে দুপুরে তাকে আটক করে পুলিশে দেওয়া হয়। অভিযোগ থেকে জানা গেছে, তুর্য্য দীর্ঘদিন ধরে নারী সহপাঠীদের ব্যক্তিগত ছবি ডিভাইসে সংরক্ষণ করতেন। তার কাছ থেকে জব্দ করা ডিভাইসে ছাত্রীদের আপত্তিকর ছবি এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে সম্পাদিত ছবি ও ভিডিও পাওয়া গেছে। ভুক্তভোগী শিক্ষার্থীদের অভিযোগ, তুর্য্য এসব ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দিতে পারেন, এমন আশঙ্কায় তারা মানসিকভাবে বিপর্যস্ত এবং নিরাপত্তাহীনতায় ভুগছেন। নাম গোপন রাখা শর্তে এক হিন্দু ছাত্রী বলেন, "আমরা হিন্দু সম্প্রদায়ের। পূজার সময় আমাদের একসঙ্গে অনেক কাজ করতে হয়। আমাদের অনেক সিঙ্গেল এবং গ্রুপ ফটো তার ফোনে আছে। এক্ষেত্রে সে (তুর্য্য) আমাদের আপত্তিকর ছবি তুলতে পারে। তদন্ত সাপেক্ষে তার বিচার দাবি করছি।" বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর রাহাত হোসাইন ফয়সাল বলেন, "তুর্য্যের একাডেমির সব কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় বিধি অনুযায়ী যৌন নিপীড়নবিরোধী সেলকে তিন দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। সে অনুযায়ী প্রশাসন তার বিরুদ্ধে পদক্ষেপ নেবে। "তুর্য্যকে পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। সে যে ছবি তুলেছে, সেগুলো অনলাইনে দিয়েছে কিনা, কোন কোন গ্রুপের সঙ্গে যুক্ত আছে, সেগুলো খুঁজে বের করবে পুলিশ।"

শিগগির দেশজুড়ে সাঁড়াশি

এ ঘটনায় দল থেকে বহিষ্কার হন এবং তাকে জড়িত অভিযোগে গ্রেফতার করে আইনশৃঙ্খলা বাহিনী। গত ২৮ ফেব্রুয়ারি পাবনার ঈশ্বরদীতে মধ্যরাতে বাড়িতে ঢুকে দাদিকে হত্যা এবং নাতনিকে অপহরণের পর ধর্ষণ করে হত্যার ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার গভীর রাতে হঠাৎ কান্নাকাটির শব্দ শুনে স্থানীয় কয়েকজন বাড়ির সামনে রাস্তায় বের হন। তবে কিছুক্ষণ পর শব্দ থেমে গেলে তারা নিজ নিজ বাড়িতে ফিরে যান। সকালে বাড়ির উঠানে দাদির রক্তাক্ত লাশ পড়ে থাকতে দেখা যায়। এ সময় নাতনিকে খুঁজে না পেয়ে পরিবারের সদস্যরা আশপাশে খোঁজাখুঁজি শুরু করেন। পরে বাড়ির পাশের একটি সরিষা ক্ষেত থেকে মেয়েটির বিবস্ত্র মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় নিহতের এক স্বজনকে গ্রেফতার করে পুলিশ। পুলিশের দাবি, গ্রেফতার যুবক ধর্ষণ ও হত্যার কথা স্বীকার করেছেন। সম্প্রতি ঘটে যাওয়া এসব বর্বর ঘটনা নিয়ে বিশেষজ্ঞরা বলছেন, আইনশৃঙ্খলার অবনতি ও অপরাধের ঊর্ধ্বগতি বন্ধে আরও দৃঢ় ও তৎপর পদক্ষেপ নেওয়া জরুরি। প্রয়োজনে বিশেষ অভিযানের মাধ্যমে তাৎক্ষণিকভাবে অপরাধীদের আইনের আওতায় এনে জনমনে স্বস্তি দেওয়া এবং একই সঙ্গে অপরাধীদের মনে আতঙ্ক তৈরি করতে হবে আইনশৃঙ্খলা বাহিনীকে। তবে সরকার বলছে, রাজনৈতিক সরকার প্রতিষ্ঠিত হলে স্থিতিশীলতা আসে, মানুষের মনে শান্তি এবং নিশ্চয়তা আসে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, নরসিংদীতে একটি নৃশংস হত্যাকাণ্ড হয়, আমরা বলেছি ২৪ থেকে ৪৮ ঘণ্টার ভেতরে অপরাধীদের গ্রেফতার করতে হবে, গ্রেফতার করা হয়েছে। আরও দু-তিনটি এমন হয়েছে সবগুলো আইনের আওতায় আনা হয়েছে। পুলিশ বলছে, বর্তমান সরকার যে কোনো অপরাধীর ক্ষেত্রে কঠোর। রাজনৈতিক দলের ছত্রছায়ায় থেকে কিংবা সমাজের প্রভাবশালী ব্যক্তিরা যখন অপরাধ করে তারা অনেক সময় ক্ষমতা দেখিয়ে পার পেয়ে যান। তবে সরকারের সর্বোচ্চ মহল থেকে নির্দেশনা পেয়ে পুলিশ তাদের আইনের আওতায় আনতে শিগগির অভিযানে নামছে। দেশজুড়ে শীর্ষ অপরাধীদের বিরুদ্ধে সাঁড়াশি অভিযানে নামছে আইনশৃঙ্খলা বাহিনী। ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে গড়ে ওঠা প্রভাবশালী চক্রগুলোকে আইনের আওতায় আনতে এই বিশেষ অভিযান শুরু হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনায় আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে গঠিত একাধিক বিশেষ টিম কাজ শুরু করবে। বিভিন্ন সংস্থার গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সন্দেহভাজন ব্যক্তিদের তালিকা প্রস্তুতের কাজ চলছে। তালিকা প্রস্তুতের পর দেশজুড়ে অভিযান চালাবে আইনশৃঙ্খলা বাহিনী। পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, প্রভাবশালী অপরাধীরা ক্ষমতার প্রভাব খাটিয়ে আইনের নাগালের বাইরে থাকে। তাদের বিরুদ্ধেই এবার কঠোর অবস্থান নেওয়া হবে। এরইমধ্যে অভিযোগ থাকা ব্যক্তিরা নজরদারির আওতায় রয়েছেন। অপরাধ বিশেষজ্ঞরা বলছেন, আইনের কঠোর প্রয়োগের মাধ্যমে অপরাধীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে পারলে অপরাধ কমে আসবে। কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিংয়ের মাধ্যমে জনপ্রতিনিধিদের যুক্ত করে সামাজিকভাবে অপরাধীদের বিচার করার ওপরও জোর দেন তারা। গত রোববার সকালে সীতাকুণ্ডের বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে থাকা সহস্রধারা ঝরনার আরও অন্তত ৫০০ মিটার উত্তরে পাহাড়ি পথের ধার থেকে শিশুটিকে সড়ক সংস্কারের কাজে নিয়োজিত শ্রমিকরা উদ্ধার করেন। প্রথমে শিশুটিকে সীতাকুণ্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে চট্টগ্রামে মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকেরা শুরু থেকে এটিকে ধর্ষণচেষ্টা বলে উল্লেখ করেন। দুদিন পর মঙ্গলবার বিকেলে নৃশংস হত্যাকাণ্ডের ঘটনায় মূল আসামি বাবু শেখকে গ্রেফতার করে পুলিশ। রংপুর কারাগারে থাকা এক যুবলীগ নেতার ডিশ-ইন্টারনেট ব্যবসা দখলচেষ্টার অভিযোগে জেলা যুবদলের সদ্য বহিষ্কৃত সহ-সাধারণ সম্পাদক তামজিদুর রশিদকে গ্রেফতার করেছে র‌্যাবের একটি দল। মায়া সাইবার ওয়ার্ল্ড ও ক্যাবল ওয়ান নামক দুটি প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের দায়ের করা মামলায় তামজিদুরকে র‌্যাব গ্রেফতার করে পুলিশে হস্তান্তর করে। পুলিশ ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রংপুর নগরে মায়া সাইবার ওয়ার্ল্ড ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠানের ফিড অপারেটর হিসেবে 'ক্যাবল ওয়ান নেটওয়ার্ক' প্রতিষ্ঠানের মাধ্যমে নগরের কামাল কাছনা থেকে দখিগঞ্জ শ্মশান এলাকা পর্যন্ত ক্যাবল ও ওয়াইফাই ব্যবসা পরিচালনা করে আসছিলেন মহানগর যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক ও সাবেক কাউন্সিলর হারুন অর রশিদ। বৈষম্যবিরোধী আন্দোলনের মামলায় তিনি বর্তমানে কারাগারে। এ ঘটনার সিসিটিভির ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়েছে। ভিডিও ফুটেজে দেখা যায়, ক্যাবল ওয়ান কার্যালয়ে অবস্থানের একপর্যায়ে যুবদল নেতা আকিবুল রহমান মায়া সাইবার ওয়ার্ল্ডের ব্যবস্থাপক মাহাদি হাসানকে মোবাইলে কল করে গালিগালাজ করেন। এ সময় আকিবুল বলেন, লাইনের কী সমাধান করবেন। তুই (মাহাদি হাসান) আওয়ামী লীগের দালালি করছিস। তোর বাসায় গিয়ে গুলি করে আসবো। আজ বিকেলের মধ্যে যদি সমাধান না করিস, তাহলে তোর বেডরুমে গিয়ে বউ-বাচ্চাসহ তোকে গুলি করে আসবো। নাটোরে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) সামনে চাঁদা দাবি করা যুবদল নেতা রাকিবুর রহমানকে (রাজা) গ্রেফতার করা হয়েছে। জেলা গোয়েন্দা পুলিশ ২৮ ফেব্রুয়ারি সন্ধ্যায় গুরুদাসপুর উপজেলার তুলাধুনা বাজার থেকে তাকে গ্রেফতার করে। এর আগে ভুক্তভোগী ইজারাদার ওবায়দুল ইসলাম বাদী হয়ে গুরুদাসপুর থানায় তার বিরুদ্ধে চাঁদাবাজির মামলা করেন। গুরুদাসপুর থানার ওসি শফিকুজ্জামান সরকার জানান, ভুক্তভোগী প্রথমে মামলা করতে না চাওয়ায় মামলা করতে বিলম্ব হয়েছে। তবে মামলা হওয়ার সঙ্গে সঙ্গে অভিযুক্ত রাকিবুর রহমানকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ সদর দপ্তর সূত্রে জানা যায়, সারাদেশে ছিনতাই, ডাকাতি, হত্যা, নারী ও শিশু নির্যাতন, অপহরণ, চুরি, মাদক ও অস্ত্র সংক্রান্ত ১৪ হাজার ৫৮টি মামলা হয়েছে। এরমধ্যে হত্যা মামলা ২৮৭টি, নারী ও শিশু নির্যাতন মামলা ১২৮১টি, অপহরণের ঘটনায় ৮৭টি, চুরির ঘটনায় ৮২৮টি, অস্ত্র আইনে ২৬৯টি ও মাদক নিয়ন্ত্রণ আইনে ৪ হাজার ৯২২টি। দেশের ৮টি রেঞ্জের মধ্যে ঢাকা রেঞ্জে ৭৩টি, চট্টগ্রাম রেঞ্জে হত্যা মামলা হয়েছে ৫৬টি। রাজধানী ঢাকায় হত্যা মামলা হয়েছে ২১টি। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান সম্প্রতি ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে সাংবাদিকদের বলেন, সন্ত্রাস, সামাজিক হানাহানি, মারামারি সবকিছুর জন্য নিরপেক্ষভাবে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে সরকার। কারণ গুটিকয়েক অসাধু লোকের জন্য সরকারের ভাবমূর্তি নষ্ট হতে পারে না।

২৯৭ আসনের কেন্দ্রভিত্তিক

সংসদীয় আসনের মধ্যে যে ২৯৭টি আসনের আনুষ্ঠানিক ফল আগে ঘোষণা করা হয়েছিল, বুধবার (৪ মার্চ) সেগুলোর বিস্তারিত তথ্য কমিশনের অফিশিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এর ফলে ভোটার ও প্রার্থীরা এখন থেকে প্রতিটি কেন্দ্রের পৃথক ফলাফল যাচাই করতে পারবেন। ইসি সচিবালয় জানিয়েছে, দেশের ৩০০টি সংসদীয় আসনের মধ্যে ২৯৯টি আসনে মোট ৪২ হাজার ৬৫১টি কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছিল। আইনি জটিলতা ও প্রার্থীর মৃত্যুর কারণে তিনটি আসনের ফলাফল ও ভোট গ্রহণ বাকি থাকলেও অবশিষ্ট ২৯৭টি আসনের কেন্দ্রভিত্তিক ফল আপলোড করা হয়েছে। নির্বাচন কমিশনের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, আইনি জটিলতার কারণে চট্টগ্রাম অঞ্চলের দুটি আসনের ফলাফল এখনো আটকে আছে। চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪; এই দুই আসনের ফলাফল বর্তমানে স্থগিত রাখা হয়েছে। আদালতে চলমান মামলা নিষ্পত্তি হওয়ার পর কমিশন এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেবে। এছাড়া শেরপুর-৩ আসনে নির্বাচনের আগে একজন প্রার্থীর মৃত্যু হওয়ায় ওই আসনের নির্বাচন বাতিল করা হয়েছিল। কমিশন জানিয়েছে, ওই আসনের ১২৮টি কেন্দ্রে আগামী ৯ এপ্রিল ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। একই দিনে অর্থাৎ ৯ এপ্রিল বগুড়া-৬ আসনেও ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। বিএনপি নেতা তারেক রহমান এই আসনটি ছেড়ে দেওয়ায় সেখানে উপনির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়।

সামনে প্রস্তুতি নিয়ে

সময়ে অনেক ক্ষেত্রে ভুল সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যার ফলে দেশে বর্তমান পরিস্থিতি তৈরি হয়েছে। তাই সামনে যে রাজনৈতিক লড়াই আসবে, সেখানে প্রস্তুতি নিয়ে মাঠে নামতে হবে। বুধবার (৪ মার্চ) সিলেটে জাতীয় নাগরিক পার্টির ইফতার অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। নাহিদ বলেন, দেশের পরিস্থিতি গণতন্ত্র থেকে আবার একদলীয় শাসনের দিকে দেশ এগিয়ে যাচ্ছে কি না, তা নিয়ে উদ্বেগ রয়েছে। বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান আবারও দলীয়করণের পথে যাচ্ছে কি না এ নিয়েও প্রশ্ন তৈরি হয়েছে। নাহিদ ইসলাম বলেন, দুর্নীতি দমন কমিশন (দুদক) ও বাংলাদেশ ব্যাংকসহ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলো নিয়ে নানা প্রশ্ন উঠছে। দুদক একটি স্বাধীন ও নিরপেক্ষ প্রতিষ্ঠান হলেও অতীতে কখনোই সেটি পুরোপুরি স্বাধীনভাবে কাজ করতে পারেনি। তিনি আরও বলেন, সম্প্রতি দুদকের চেয়ারম্যান ও কমিশনারদের পদত্যাগ নিয়ে নানা প্রশ্ন তৈরি হয়েছে। এ বিষয়ে সরকার থেকে স্পষ্ট জবাবদিহিতা প্রয়োজন। সংসদে এ বিষয়ে কথা বলা হবে। সিলেটবাসীর প্রতি ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, সামনে স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে নেতাকর্মীদের প্রস্তুতি নিতে হবে। ভবিষ্যতে দল থেকে যে নির্দেশনা আসবে তা বাস্তবায়নে সবাইকে প্রস্তুত থাকতে হবে।

মধ্যপ্রাচ্যের যুদ্ধ দীর্ঘ হলে

দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের কাছে তুলে ধরেছে ঢাকা। যদ দ্রুত সম্ভব যুক্তরাষ্ট্র যেন আলোচনার মাধ্যমে এ সমস্যা সমাধানের চেষ্টা করে সেটিও তুলে ধরেছে বাংলাদেশ। বুধবার (৪ মার্চ) মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক নিয়ে সাংবাদিকদের ব্রিফ করে এসব কথা জানান পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। পল কাপুরের সঙ্গে মধ্যপ্রাচ্যের সংকট নিয়ে আলোচনা হয়েছে জানিয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমি তার কাছে উল্লেখ করেছি, আমাদের দুজন বাংলাদেশি মারা গেছেন, সাতজন আহত হয়েছেন। এই যুদ্ধ যদি দীর্ঘতর বা বিস্তৃত হয় তাহলে এ শঙ্কা বাড়তে পারে। তার চাইতেএবং একইসঙ্গে আমাদের মতো দেশের পক্ষে এই যুদ্ধের অর্থনীতিক যে প্রতিক্রিয়া হবে সেটা বহন করা দুঃসাধ্য। খলিলুর রহমান বলেন, আমরা তাকে বলেছি, যত দ্রুত সম্ভব আলোচনার মাধ্যমে এবং কূটনীতিক একটা সুযোগ দিয়ে এই সংঘাত, এই সমস্যা যেন সমাধান করার চেষ্টা করেন। যুদ্ধ কবে বন্ধ হতে পারে এ বিষয়ে মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী কি বলেছেনড়পররাষ্ট্রমন্ত্রীর কাছে এমন প্রশ্ন করেন এক সাংবাদিক। জবাবে খলিলুর রহমান বলেন, যুদ্ধ কবে বন্ধ হবে সেটা তো সম্পন্ন তাদের হাতেও নাই। এটা তো কেউ বলতে পারবে না। পাল্টা উত্তরে ওই সাংবাদিক বলেন, তারা (যুক্তরাষ্ট্র ও ইসরায়েল) শুরু করেছে। তার জবাবে খলিলুর রহমান, না, না এটা কোনো প্রশ্ন হতে পারে না। পল কাপুরের সঙ্গে আলোচনার অন্যান্য বিষয় নিয়ে খলিলুর রহমান বলেন, বাংলাদেশ প্রথম এই নীতিতে আমরা চলব। আমাদের স্বার্থ সম্পূর্ণভাবে বজায় রেখে অন্যান্য সব দেশের সঙ্গে আমাদের পররাষ্ট্র কর্মকাণ্ড নির্বাহ করব, এটা আমরা তাকে বলেছি। কাপুর আমাদের দ্বিপক্ষীয় সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং আশা প্রকাশ করেছেন যে, আগামী দিনগুলোতে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও দৃঢ় হবে, বিস্তৃত হবে। তিনি জানান, আমরা বৈধ কাগজপত্রবিহীন বাংলাদেশি যারা আমেরিকায় আছেন তাদের ফিরিয়ে আনার ব্যাপারে কথা বলেছি। প্রক্রিয়াটা যাতে সহজ হয় এবং সম্মানের সঙ্গে তারা যেন আসতে পারেন সেটা নিয়ে আমাদের সঙ্গে আলোচনা হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, রোহিঙ্গা বিষয়ে আমার সঙ্গে কথা হয়েছে। ওনারা আমাদের সঙ্গে একমত। এ বিষয়ে এখন সমাধানের দিকে এগোতে হবে এবং আমি আনন্দিত তারা এ বিষয়ে আমাদের সব ধরনের সহযোগিতা দেবেন।

সারা দেশে বৃক্ষরোপণ জোরদারের

হাতে নিয়েছে সরকার। এই কর্মসূচি সফল করতে সংশ্লিষ্ট সবাইকে তৎপর হওয়ার এবং বৃক্ষরোপণ কার্যক্রম আরও জোরদার করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার সকালে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ সংক্রান্ত সেল'-এর সভায় সভাপতিত্বকালে তিনি এই নির্দেশনা দেন। সভায় সেলের বর্তমান কার্যক্রম ও কর্মপরিকল্পনার সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব সংবাদমাধ্যমকে জানান, প্রধানমন্ত্রী সারা দেশে বৃক্ষরোপণ কর্মসূচিকে একটি সামাজিক আন্দোলনে রূপ দিতে গুরুত্বারোপ করেছেন। সভায় জানানো হয়, সরকারি নার্সারিগুলোর পাশাপাশি প্রয়োজন অনুযায়ী বিভিন্ন বেসরকারি নার্সারি থেকেও মানসম্মত চারা সংগ্রহ করা হবে। পরিকল্পনা অনুযায়ী দেশের সব খাসজমি ও চরাঞ্চল, নদীর দুই পাড় এবং সড়ক-মহাসড়কের উভয় পাশ, বনাঞ্চলের বৃক্ষহীন এলাকা, সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের আঙিনায় বৃক্ষরোপণ করা হবে। পরিবেশ রক্ষায় ভবিষ্যৎ প্রজন্মকে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী বিশেষ নির্দেশনা দিয়েছেন। এখন থেকে প্রতিটি শিক্ষার্থীকে অন্তত একটি করে গাছ লাগাতে হবে এবং সেই গাছের পরিচর্যার দায়িত্বও সংশ্লিষ্ট শিক্ষার্থী পালন করবে। সভায় উপস্থিত ছিলেন বন ও পরিবেশ মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু, প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবিএম আবদুস সাত্তারসহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা। দিনের অন্যান্য কর্মসূচির অংশ হিসেবে সকালে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন আনসার ও ভিডিপির মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মতালেব সাজ্জাদ মাহমুদ। এ সময় প্রধানমন্ত্রী দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষা, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং জনস্বার্থে সেবামূলক কর্মকাণ্ড অব্যাহত রাখতে মহাপরিচালককে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

পরিবারের কাছে ফেরা হলো

করেন। নিহত প্রান্ত মণ্ডল বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার রূপধন এলাকার বাসিন্দা। তিনি পুলিন মণ্ডলের ছেলে। অসুস্থ বাবার চিকিৎসার জন্য ছুটি নিয়ে তিনি কর্মস্থল সেনবাগ ফায়ার স্টেশন থেকে বাড়ির উদ্দেশ্যে রওনা হয়েছিলেন বলে জানান তার খালাতো ভাই তুষার হাজরা। তিনি আরও বলেন, বাড়িতে তার অপেক্ষায় ছিলেন স্ত্রী, এক বছরের সন্তান মুগ্ধ এবং বাবা-মা। প্রান্ত ছিলেন একমাত্র ছেলে। তার বড় একটি বোনও রয়েছে। ঘটনার বিষয়ে গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম শেখ বলেন, মোটরসাইকেল ও পিকআপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষের পর পিকআপটি দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। পরিচয়পত্র দেখে নিশ্চিত হওয়া যায় যে প্রান্ত মণ্ডল বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সে কর্মরত ছিলেন। পিকআপটি শনাক্তে পুলিশ তদন্ত শুরু করেছে।

মুসলমানদের ঐক্যবদ্ধ রাখতে আলেমদের

ইসলাম প্রতিষ্ঠার জন্য নির্দেশ দিয়েছেন। আর তাই সমাজ ও রাষ্ট্রে ইসলাম প্রতিষ্ঠার জন্য ইসলামকে রাষ্ট্র ক্ষমতায় নিয়ে যেতে হবে। এক্ষেত্রে আলেম ওলামাদের সর্বাগ্রে ভূমিকা পালন করতে হবে। তিনি মসজিদের ইমামদের প্রতি আহবান জানান - ঐক্য বিনষ্ট হয় এমন কোন বক্তব্য না দিয়ে এমন বক্তব্য দিতে হবে যাতে সকল মুসলিমদের মধ্যে ঐক্য প্রতিষ্ঠিত হয়। ওলামা বিভাগ ও বাংলাদেশ মসজিদ মিশন বরিশাল অঞ্চল পরিচালক অধ্যাপক মাওলানা মোহাম্মদ হাবিবুর রহমানের সভাপতিত্বে ও মাওলানা হারুনুর রশিদ হামীদীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মসজিদ মিশনের সেক্রেটারি জেনারেল মাওলানা মো: খলিলুর রহমান মাদানী এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরীর আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবর। এছাড়াও উপস্থিত ছিলেন লুৎফর রহমান ক্যাডেট মাদ্রাসার অধ্যক্ষ এ. কিউ. এম. আব্দুল হাকিম মাদানী, বরিশাল অঞ্চল টিম সদস্য এ কে এম ফখরুদ্দিন খান রাজী, বাজাররোড জামেয়া আরাবিয়া খাজা মঈনুদ্দিন মাদ্রাসার মুহতামিম হাফেজ মাওলানা আব্দুল হালিম, হাফেজ মাওলানা আতিকুল্লাহ, মাওলানা সোহরাব হোসাইন, মাওলানা এ বি এম মুশাররফ হোসাইনসহ শীর্ষ আলেমগন। প্রধান আলোচক মাওলানা মো: খলিলুর রহমান মাদানী বলেন, পরিবর্তিত পরিস্থিতিতে দাওয়াতি কাজের এই সুযোগকে কাজে লাগিয়ে আলেম ওলামাদের ময়দানে ভূমিকা পালন করতে হবে। তিনি সকল হিংসা বিদ্বেষ ও মতপার্থক্য ভুলে সকল আলেম ওলামাদের ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানান। তিনি বলেন, এদেশের আলেম ওলামারা দুর্নীতিমুক্ত সমাজ ও রাষ্ট্র গঠনে বদ্ধপরিকর। সেই বৃটিশ বিরোধী আন্দোলন থেকে শুরু করে আজ পর্যন্ত এদেশের আলেম ওলামারা সকল অন্যায় ও জুলুমের বিরুদ্ধে শরীরের তাজা রক্ত ঢেলে রাজপথে ভূমিকা পালন করেছে, কখনো অন্যায়ের সাথে আপোষ করেনি। তিনি ইমাম খতিব ও আলেম ওলামাদের চাঁদাবাজি, ধর্ষণ, খুন, দূর্নীতি, মাদক ও সন্ত্রাসমুক্ত একটি সম্মৃদ্ধ বাংলাদেশ গড়ার আহ্বান জানান।

জরিমানা যেনো বালু তোলার লাইসেন্স

২০১০ এর ১৫ ধারায় তাদের এই দণ্ড দেওয়া হয়। দণ্ডপ্রাপ্তরা হলেন ড্রেজার সংশ্লিষ্ট বোরহানউদ্দিন উপজেলার জয়া এলাকার নূরনবী সরদারের ছেলে মো. মামুন (২০) ও কুতুবা ৫ নম্বর ওয়ার্ডের রফিজল হাওলাদারের ছেলে মোঃ জাহাঙ্গীর (২৫)। তাদের প্রত্যেককে দুই লাখ টাকা করে জরিমানা করা হয়েছে। অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়াও বল্কহেড এর মালিক ভোলা সদর উপজেলার বাপ্তা এলাকার রশিদ হাওলাদারের ছেলে ইউনূস হাওলাদার (৫৫) কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। জরিমানা অনাদায়ে তাকে সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। আটককৃত দুটি লোর্ড ড্রেজারের পরিচালকরা হলেন, বোরহানউদ্দিন পৌর-১ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিল ফাইজুল ইসলাম ও কাচিয়া ইউনিয়নের মোঃ মফিজুল ইসলাম। তারা ড্রেজার মেশিন দিয়ে দীর্ঘদিন যাবত তেতুলিয়া নদীর হাসের চর ও চরলতিফসহ একাধিক চরের কৃষি জমির মাটি ও বালু উত্তোলন করে বিক্রি করে আসছে। ফলে কৃষি জমি ভাঙ্গন দেখা দিয়েছে হুমকির মুখে রয়েছে চরের হাজারো একর কৃষি জমি। এসব ড্রেজার মেশিন একাধিকবার আটক করে কয়েক লাখ টাকার জরিমানা করলেও ফের বালু ও কৃষি জমির মাটি কেটে নিচ্ছে বালু খেকোরা। দুপুরে সাড়ে ৪ লাখ টাকা জরিমানা করা হলে বিকালে ফের বালু উত্তোলন শুরু করেছে এসব ড্রেজার মেশিনে। এবিষয়ে বোরহানউদ্দিন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রনজিত চন্দ্র দাস জানান ,নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন রোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

৮ প্রতিমন্ত্রীর দায়িত্ব পুনর্বণ্টন

দায়িত্ব দেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকা মো. জোনায়েদ আব্দুর রহিম সাকিকে দেওয়া হয়েছে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকা ফারজানা শারমীনকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়া শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মো. নুরুল হককে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে থাকা ববি হাজ্জাজকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

বহুমুখী সংকটে উপসাগরীয় দেশগুলোর প্রবাসী বাংলাদেশিরা

কীর্তনখোলা ডেস্ক

ইসরায়েল-যুক্তরাষ্ট্র ও ইরানের পাল্টাপাল্টি হামলায় চরম অস্থিরতা বিরাজ করছে বিশ্বে। উপসাগরীয় ছয়টি দেশে যুক্তরাষ্ট্রের ঘাঁটি থাকায় সংঘাত ছড়িয়েছে মধ্যপ্রাচ্যেও। নিরাপত্তা, জ্বালানি ও শ্রমবাজারে বাড়ছে অনিশ্চয়তা। সরাসরি প্রভাব পড়ছে এ অঞ্চলে কর্মরত বাংলাদেশি শ্রমিকের ওপর। বহুমুখী সংকটে দেশগুলোতে থাকা লাখ লাখ কর্মী। খোঁজ নিয়ে জানা যায়, এরই মধ্যে যুদ্ধের প্রভাবে দুবাইয়ে একজন ও বাহরাইনে একজন বাংলাদেশি শ্রমিক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে। এছাড়া বহু বাংলাদেশি কর্মী উপসাগরীয় দেশগুলোতে উড়োজাহাজের টিকিট কেটেও দেশে আসতে পারছেন না। আবার বাংলাদেশে ছুটিতে এসে বিপাকে পড়েছেন বহু কর্মী। বাংলাদেশের প্রবাসী শ্রমিকদের বড় অংশ কাজ করে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, ওমান ও বাহরাইনে। এই ছয়টি দেশেই যুক্তরাষ্ট্রের ঘাঁটি রয়েছে। সবশেষ ২০২৫ সালে এই দেশগুলোতে শ্রমিক গেছে ৯ লাখ ১৯ হাজার ৪৩৫ জন। বিএমইটির একটি সূত্র বলছে, এই ছয়টি দেশে বর্তমানে ৬০ লাখের বেশি শ্রমিক বর্তমানে কাজ করছেন। গত বছরের ডিসেম্বরে বাংলাদেশে এসেছেন আরব আমিরাত প্রবাসী রেজাউল করিম। তিন মাসের ছুটি শেষে চলতি (মার্চ) মাসের ১ তারিখ ফিরতি ফ্লাইট ছিল তার। বলেন, 'হঠাৎ ফ্লাইট বন্ধ হওয়ায় ঢাকা থেকে ফিরে আসতে হয়েছে। এখন আবার কবে তারা পুনরায় ডেট দেবে কিছুই জানি না। সবার সঙ্গে কথা বলে জানলাম, অন্তত ১৫ থেকে ২০ দিন লাগতে পারে। টাকা-পয়সাও শেষ হয়ে গেছে, ঋণ করে চলছি।' কাতারের প্রবাসী বিজয় তালুকদার বলেন, 'আমার আকামার মেয়াদ শেষ হবে মার্চের ২০ তারিখ। এ সময়ের আগে যেতে না পারলে আমি ভিসা রিনিউ করতে পারবো না। পরে অবৈধ হয়ে যাবো। এক্ষেত্রে কোম্পানি যদি মেয়াদ না বাড়ায় আমরা বহু মানুষ ক্ষতিগ্রস্ত হবো।' এদিকে মধ্যপ্রাচ্যে থাকা শ্রমিকরা জানান, বাইরে যারা ক্লিনারের কাজ করেন তারা নিরাপত্তা শঙ্কায় আছেন। এছাড়া হোটেল-রেস্তোরাঁ কিংবা কারখানা ও বাসাবাড়িতে কাজে থাকা কর্মীরা নির্বিঘ্নে কাজ করলেও ছুটি নেই। মধ্যপ্রাচ্যে থাকা বেশ কয়েকজন শ্রমিকের সঙ্গে কথা বলে জানা যায়, দুজন শ্রমিক নিহত হওয়ার পর ভয় ও শঙ্কা বেড়েছে। তবে সবাই তাদের ডিউটি পালন করছেন নির্বিঘ্নে। এদিকে বিদেশে থাকা বহু শ্রমিক দেশে ঈদ উদযাপনের জন্য আগে থেকে বেশি দামে টিকিট কেটে রেখেছেন। যুদ্ধের কারণে তাদের ঈদের আগে দেশে আসা প্রায় অনিশ্চিত। বাহরাইনে থাকা বাংলাদেশি প্রবাসী রিয়াদ হোসেন বলেন, 'এখন পর্যন্ত ভালো আছি। তবে কাজের সময় ছাড়া কম সময়ই বাইরে যাওয়া হয়। ঈদ আসছে। দেশে বড় অংকের টাকা পাঠাতে পারছি না। ব্যাংকে যাওয়া ঝামেলা, বিকাশে বেশি টাকা পাঠানোও ঝামেলা।' বিশ্লেষকদের মতে, সংঘাত দীর্ঘ হলে নির্মাণ, অবকাঠামো ও সেবা খাতে প্রকল্পের গতি কমে যেতে পারে। এতে নিম্ন ও আধাদক্ষ শ্রমিকরা সবচেয়ে বেশি ঝুঁকিতে পড়বেন। কাজের সময় কমানো, ওভারটাইম বন্ধ হওয়া কিংবা চুক্তি নবায়ন না হওয়ার মতো পরিস্থিতি তৈরি হলে শ্রমিকদের আয় কমে যেতে পারে। তারা বলছেন, উপসাগরীয় অঞ্চলে কর্মসংস্থান সংকুচিত হলে দেশে পাঠানো টাকার পরিমাণ কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। এতে গ্রামীণ অর্থনীতি, ভোগব্যয় ও ব্যাংকিং খাতে তারল্যে চাপ তৈরি হতে পারে। অভিবাসন বিশেষজ্ঞ আসিফ মুনীর বলেন, 'পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। মধ্যপ্রাচ্যের অর্থনৈতিক অবস্থা বুঝে কিছুদিন পর হয়তো সেটা টের পাওয়া যাবে। তবে আশা করছি, আমাদের শ্রমিকরা দীর্ঘমেয়াদে খুব বেশি সংকটে পড়বে না। এর আগে কোভিডেও এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছিল। এখন সাময়িক রেমিট্যান্সে প্রভাব পড়তে পারে।' তিনি বলেন, 'দেশের মানুষ ভিন্ন পথে টাকা পাঠাতে অভ্যস্ত। তবে যুদ্ধটা আরও কিছুদিন বাড়লে আগামী দু-তিন মাস আমাদের কর্মী যাওয়ার সংখ্যা অনেক কমে যাবে। তবে যারা এখন ইকামাসহ নিয়োগপত্র বর্ধিত করার নানান ঝামেলায় ভুগছেন তাদের সমস্যা এসব দেশ করে দিতে হবে। এক্ষেত্রে আমাদের হাইকমিশনকে আন্তরিক আচরণ করতে হবে।'

কলাপাড়ায় আদালতের শুনানি

আইনজীবি হাফিজুর রহমান চুন্নু অপর আইনজীবি নাসির উদ্দিন মাহমুদের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়েন। ঘটনার সঙ্গে সঙ্গে সাময়িক সময়ের জন্য আদালত মুলতবি করে এজলাস থেকে বিচারক বেরিয়ে যান। কলাপাড়া আইনজীবী সমিতির সভাপতি খন্দকার নাসির উদ্দিন গণমাধ্যমকে জানান, আদলতে আইনজীবিদের মধ্যে হট্টগোল ও দুই আইনজীবির মধ্যে তর্কাতর্কির ঘটনা ঘটেছিল। আমরা আইনজীবিরা বসে বিষয়টি সমাধান করে দিয়েছি।

বরিশালে খুচরা সার বিক্রেতাদের

সরকার অনুমোদিত খুচরা সার বিক্রেতা চরম অনিশ্চয়তা ও হতাশার মধ্যে পড়েছেন। তারা জানান, বিদ্যমান খুচরা সার বিক্রেতাদের নির্ধারিত সময়ের মধ্যে দায়-দেনা নিষ্পত্তির নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে ওই সময়ের মধ্যে পূর্বের নিয়মে সার ক্রয়-বিক্রয়ও বন্ধ রাখতে বলা হয়েছে। এতে ব্যবসায়িক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। মানববন্ধনে অংশগ্রহণকারীরা বলেন, তারা দীর্ঘ ৩০ বছরেরও বেশি সময় ধরে পৈতৃক সূত্রে ও নিজস্ব বিনিয়োগে খুচরা সার ব্যবসার সঙ্গে যুক্ত। চাষের মৌসুমে কৃষকের হাতে নগদ অর্থ না থাকলেও তারা বাকিতে সার সরবরাহ করে দেশের কৃষি উৎপাদন সচল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। নতুন নীতিমালা কার্যকর হলে দেশের প্রায় পাঁচ কোটি কৃষক সরাসরি ক্ষতিগ্রস্ত হতে পারেন বলে আশঙ্কা প্রকাশ করেন তারা। বক্তারা আরও অভিযোগ করেন, নীতিমালা প্রণয়নের আগে সংশ্লিষ্ট খুচরা বিক্রেতাদের সঙ্গে কোনো আলোচনা বা মতামত গ্রহণ করা হয়নি। বর্তমান দ্রব্যমূল্যের বাজারে দোকান ভাড়া, কর্মচারীদের বেতন ও পারিবারিক ব্যয় নির্বাহ করাই কঠিন হয়ে পড়েছে। এর মধ্যে ব্যবসা বন্ধ হয়ে গেলে হাজার হাজার পরিবার কর্মহীন হয়ে মানবেতর জীবনযাপনে বাধ্য হবে বলে তারা শঙ্কা প্রকাশ করেন। মানববন্ধন শেষে বক্তারা অবিলম্বে সার সংক্রান্ত নীতিমালা পুনর্বিবেচনা, সনদ বহাল রাখা এবং খুচরা সার বিক্রেতাদের ব্যবসা চালু রাখতে সাময়িক স্থগিতাদেশ দেওয়ার দাবি জানান।

নিষেধাজ্ঞা অমান্য করায়

নাজমুল, আরিফ হোসেন, সাইদুল ঢালী, ফরিদ সরদার, মো. শাহীন, মোহাম্মদ আলী, দেলোয়ার হোসেন, মো. সোহাগ, সাগর হোসেন হাওলাদার, ইয়াছিন মোল্লা, খলিলুর রহমান, আবু হানিফ, বাবুল হোসেন, মো. হারুন, মো. নাইম, মো. সবুজ, নজরুল ইসলাম, মো. রাকিব, মো. সজিব, মো. বাকের ঢালী, মো. মনির, বাকের বিশ্বাস ও আজাদ। বিষয়টি নিশ্চিত করে হিজলা উপজেলার জ্যেষ্ঠ মৎস্য কর্মকর্তা মোহাম্মদ আলম বলেন, 'জাটকা ইলিশ রক্ষায় বর্তমানে মেঘনা নদীর ৮২ কিলোমিটার এলাকা অভয়াশ্রম হিসেবে মাছ শিকার নিষিদ্ধ রয়েছে। নিষেধাজ্ঞা অমান্য করে মেঘনা নদীতে মাছ শিকাররত অবস্থায় ২৪ জেলেকে আটক করা হয়। উদ্ধার করা হয় ৫৫ হাজার মিটার কারেন্ট জাল।' তিনি আরও জানান, পরে আটকদের মধ্যে ১৭ জনকে ২ হাজার টাকা করে এবং বাকি ৭ জনকে ১ হাজার টাকা করে মোট ৪১ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এছাড়া উদ্ধার করা কারেন্ট জালগুলো পুড়িয়ে ফেলা হয়েছে।

কুয়াকাটায় গাঁজাসহ

গ্রেফতারকৃত জুয়েলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজুর প্রক্রিয়া চলমান রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। আইনশৃঙ্খলা রক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে।

নেছারাবাদ দরবারে প্রতিদিন

ঝালকাঠি নেছারাবাদ এন এস কামিল মাদ্রাসা সংলগ্ন মাঠে গিয়ে দেখা যায়, ইফতারের প্রস্তুতি তখন শুরু হয়ে গেছে। শিক্ষার্থীরা চিঁড়ামুড়ি, খেজুর, জিলাপি ও পেঁয়াজু দিয়ে প্লেট সাজাচ্ছেন। মাইকে জিকির ও ইসলামী সঙ্গীত শোনা যাচ্ছে। আগে থেকেই মাঠে রঙিন কাপড়ের লম্বা চাদর বিছিয়ে রাখা হয়েছে। শিক্ষার্থীরা ইফতারের প্লেট সেই চাদরের ওপর সাজিয়ে রাখছেন। ইফতারের সময় ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে সেখানে সমবেত হতে থাকেন মাদ্রাসা ও এতিমখানার শিক্ষক-শিক্ষার্থী, পথচারী ও গ্রামের লোকজন। পুরো প্রক্রিয়াটি বসে পর্যবেক্ষণ করছিলেন মাদ্রাসার শিক্ষকেরা। ইফতারের আগমুহূর্তে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। সেখানে দেশের মানুষের কল্যাণ কামনা করা হয়। এখানে পুরো এক মাস ডেকোরেটরের মাধ্যমে প্যান্ডেল করা হয়। রোজাদারদের বসার জন্য রঙিন কাপড় বিছানো হয়। প্যান্ডেলের মধ্যে আলোকসজ্জাসহ এক উৎসবমুখর পরিবেশ বিরাজ করে সেখানে। এ আয়োজনে প্রতিদিন প্রায় ২০ হাজার টাকা ইফতারের জন্য খরচ করছেন। নেছারাবাদ দরবার শরীফের সহকারী পরিচালক (প্রশাসন) মাহবুবুর রহমান বলেন, একসঙ্গে এত মানুষের জন্য ইফতারের আয়োজন করা ভাগ্যের বিষয়। একজন রোজাদারকে ইফতার করানো অনেক সওয়াবের কাজ। সেই দৃষ্টিকোণ থেকে আমাদের এখানে ইফতারের আয়োজন করা হয়েছে। মাদ্রাসা কর্তৃপক্ষ এর সার্বিক ব্যবস্থাপনায় আয়োজন করে থাকেন। কখনো কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের অর্থায়নে আয়োজন করা হয়। পিপলিতা গ্রাম থেকে ইফতার করতে আসা সোলায়মান হায়দার (৫৫) বলেন, একসঙ্গে এত মানুষ ইফতার করার নেয়ামত অন্য রকম। এ ছাড়া এই ইফতার মাহফিলে বসে মোনাজাতে অংশ নেওয়াটাও ভাগ্যের ব্যাপার। মাদ্রাসার দাখিলের শিক্ষার্থী নেছার উদ্দিন বলে, প্রতিদিন ইফতারের বিভিন্ন খাদ্যসামগ্রী তৈরি করতে তারা সহায়তা করে। সবাই মিলে আনন্দের সঙ্গে কাজটি করে তারা। ঝালকাঠি নেছারাবাদ এন এস কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা গাজী মুহাম্মদ শহিদুল ইসলাম বলেন, প্রতিবছরের মতো এবারও মাদ্রাসার পক্ষ থেকে মাসব্যাপী রোজাদারদের জন্য ইফতারের আয়োজন করা হচ্ছে। এখানে প্রতিদিন এক হাজারেরও বেশি মানুষকে সুশৃঙ্খলভাবে ইফতার করানো হয়। দরবার কর্তৃপক্ষ অথবা অনেক ধনী ব্যক্তির অর্থায়নে এই ইফতারের আয়োজন করা হয়।

অফিসে এসে ৪০ মিনিট বাধ্যতামূলক

কর্মকর্তা-কর্মচারীর সঙ্গে জনসাধারণ ও অন্যান্য দপ্তরের প্রয়োজনীয় যোগাযোগ ব্যাহত হয়; যা নাগরিক সেবা প্রদান, প্রশাসনিক কার্যক্রমের গতি এবং সরকারের ভাবমূর্তির ওপর বিরূপ প্রভাব ফেলে। এ অবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা, প্রশাসনিক গতিশীলতা ও আন্তঃদপ্তর সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সব কর্মকর্তা-কর্মচারী প্রতিদিন সকাল ৯টা থেকে ৯টা ৪০ মিনিট পর্যন্ত আবশ্যিকভাবে নিজ অফিস কক্ষে অবস্থান করবেন। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও এ সময়সীমা বিঘ্নিত না হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সতর্ক থাকবেন বলে পরিপত্রে জানানো হয়েছে। এতে আরও বলা হয়, 'সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯' এবং 'সচিবালয় নির্দেশমালা, ২০২৪' অনুযায়ী সব সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করা বাধ্যতামূলক। তবে কিছু ক্ষেত্রে এ বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না- # শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত এবং প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত নন এমন শিক্ষক/অনুষদ সদস্যরা। # হাসপাতাল, জেলখানা, সংবাদ বা নিরাপত্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে রোস্টার ডিউটিতে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীরা। # জরুরি গ্রাহকসেবায় সরাসরি সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীরা। # মাঠপর্যায়ে নিয়মিত দায়িত্ব পালনকারী আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সমরূপ সংস্থার সদস্যরা। # এছাড়া ভিভিআইপি/ভিআইপি প্রটোকল প্রদান, আকস্মিক বৃহৎ দুর্ঘটনা মোকাবিলা, উন্নয়ন সহযোগী বা কূটনৈতিক মিশনের সঙ্গে অতি গুরুত্বপূর্ণ সভায় অংশগ্রহণ এবং অনুমোদিত সরকারি সফরের ক্ষেত্রে। পরিপত্রে বলা হয়েছে, কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া কর্মকর্তা-কর্মচারীরা কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। কর্তৃপক্ষকে না জানিয়ে দাপ্তরিক কাজ ছাড়া অফিস সময়ে নিজ দপ্তর ত্যাগ করতে পারবেন না।

এপ্রিলে পূর্ণ সিলেবাসে প্রাথমিকের

পরীক্ষায় অংশ নেবে। তবে ফল প্রকাশ ও বৃত্তি বণ্টনের ক্ষেত্রে নির্ধারিত কোটা ও পৃথক প্রতিযোগিতার ব্যবস্থা থাকবে। সংশ্লিষ্টদের মতে, সরকারি ও বেসরকারি শিক্ষার মান যাচাই এবং শিক্ষার্থীদের মধ্যে সুস্থ প্রতিযোগিতার পরিবেশ ফিরিয়ে আনতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। এদিকে খোঁজ নিয়ে জানা গেছে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই) এরই মধ্যে পরীক্ষার নতুন খসড়া কাঠামো প্রস্তুত করেছে। এইচএসসি পরীক্ষা শুরুর আগেই এই পরীক্ষা শেষ করার পরিকল্পনা রয়েছে। আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর আগামীকাল বৃহস্পতিবার (৫ মার্চ) এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং অধিদপ্তর সূত্রে জানা গেছে, হাইকোর্টের রায়ে সরকারি বিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি, রেজিস্টার্ড কিন্ডারগার্টেন ও অন্যান্য অনুমোদিত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরও অংশগ্রহণের সুযোগ দেওয়ার নির্দেশনার পর পরীক্ষার কাঠামো পুনর্বিন্যাস করতে হচ্ছে। বিষয়টি নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) আবু নূর মো. শামসুজ্জামান বলেন, 'সময় অত্যন্ত সীমিত। এইচএসসি পরীক্ষা শুরুর আগেই কেন্দ্রসংকট এড়াতে পরীক্ষা নেওয়া প্রয়োজন। যেহেতু এটি মেধা যাচাইয়ের পরীক্ষা, তাই নম্বর বা বিষয় কমানোর সুযোগ নেই। আমরা পূর্ণ সিলেবাসেই পরীক্ষার সুপারিশ করেছি।' তিনি আরও জানান, ১৫ থেকে ১৮ এপ্রিলের মধ্যে পরীক্ষা নেওয়ার একটি প্রস্তাব আলোচনায় আছে। তবে এটি চূড়ান্ত নয়। বৃহস্পতিবারের বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত হতে পারে। আবার জুনের আগে ফল প্রকাশের একটি বাধ্যবাধকতা রয়েছে। নির্ধারিত সময়ে ফল প্রকাশ না হলে বৃত্তির অর্থ বরাদ্দ ফেরত যাওয়ার শঙ্কা আছে। এ কারণেই দ্রুত সময়সূচি নির্ধারণে জোর দেওয়া হচ্ছে। অধিদপ্তর সূত্র জানায়, পাঁচ বিষয়ে ৪০০ নম্বরের পরীক্ষা নেওয়ার প্রস্তাব করা রয়েছে। এর মধ্যে বাংলা, ইংরেজি, গণিতে ৩০০ নম্বর এবং বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ে ৫০ নম্বর করে ১০০ নম্বরের সিলেবাসে পরীক্ষা নেওয়া হবে। তবে একই প্রশ্নপত্রে সরকারি ও বেসরকারিড় সব ধারার শিক্ষার্থী পরীক্ষা দিলেও ফল প্রকাশ ও বৃত্তি বণ্টনে থাকবে আলাদা মোডালিটি। প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী, এবার মোট ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। এর মধ্যে ৩৩ হাজার শিক্ষার্থী ট্যালেন্টপুল এবং সাড়ে ৪৯ হাজার শিক্ষার্থী সাধারণ বৃত্তি পাবে। মোট বৃত্তির ৮০ শতাংশ সরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের এবং ২০ শতাংশ বেসরকারি ও কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকতে পারে। নাম প্রকাশে অনিচ্ছুক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, ফল প্রকাশের সময় সরকারি ও বেসরকারি শিক্ষার্থীরা নিজেদের কোটার মধ্যে প্রতিযোগিতা করবে। অর্থাৎ বেসরকারি শিক্ষার্থীরা বেসরকারি শিক্ষার্থীদের মধ্যে এবং সরকারি শিক্ষার্থীরা সরকারি শিক্ষার্থীদের মধ্যে ট্যালেন্ট ও সাধারণ বৃত্তির জন্য প্রতিযোগিতা করবে। তবে প্রশ্নপত্র এক হওয়ায় দুই ধারার শিক্ষার্থীদের অর্জন তুলনামূলকভাবে বিশ্লেষণ করা যাবে। এ বিষয়ে ডিপিই মহাপরিচালক আবু নূর মো. শামসুজ্জামান বলেন, "সরকারি প্রাথমিক শিক্ষাকে কেউ 'আন্ডার এস্টিমেট' করলে সেটি বাস্তবতার সঙ্গে কতটা সামঞ্জস্যপূর্ণ, তা ফল বিশ্লেষণেই স্পষ্ট হবে। আর এটি ভবিষ্যৎ পরিকল্পনা নির্ধারণে সহায়ক হবে।" অন্যদিকে, বেসরকারি শিক্ষকদের একটি অংশ দ্রুততম সময়ে বৃত্তি পরীক্ষার আয়োজন ও প্রস্তুতি নিয়ে উদ্বেগ জানিয়েছেন। সংশ্লিষ্ট সূত্র বলছে, এরই মধ্যে কয়েক জায়গা থেকে কেউ কেউ বিভিন্নভাবে সময় বাড়ানোর দাবিও জানিয়েছেন। তবে অধিদপ্তর বলছে, শিক্ষার্থীরা ইতোমধ্যে পঞ্চম শ্রেণি উত্তীর্ণ হয়ে পরবর্তী শ্রেণিতে উঠেছে। দীর্ঘসূত্রতা হলে প্রস্তুতি ও প্রশাসনিক জটিলতা আরও বাড়বে। এদিকে, বই-সংকটের সম্ভাবনা নিয়েও সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনা চলছে। এ প্রসঙ্গে অধিদপ্তর জানিয়েছে, সরকারি বিদ্যালয়ে বইয়ের ঘাটতি হওয়ার কথা নয়। কোনো শিক্ষার্থী বই হারিয়ে ফেললে বা বিক্রি করে দিলে রিজার্ভ কপির মাধ্যমে সহায়তা করা হতে পারে। এ বিষয়ে প্রয়োজন হলে উপজেলা বা জেলা পর্যায়ে যোগাযোগ করার পরামর্শ দেওয়া হয়েছে। দীর্ঘ এক যুগের বেশি সময় বন্ধ থাকার পর ২০২৫ সাল থেকে পুনরায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে বৃত্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেয় তৎকালীন অন্তর্বর্তী সরকার। সে অনুযায়ী কেবল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার সিদ্ধান্ত হলে তা 'বৈষম্যমূলক' দাবি করে বেসরকারি ও কিন্ডারগার্টেন-সংশ্লিষ্ট কয়েকজন অভিভাবক ও শিক্ষক হাইকোর্টে রিট করেন। শুনানি শেষে আদালত প্রথমে সংশ্লিষ্ট সিদ্ধান্তের কার্যক্রম স্থগিত করেন এবং পরে রায়ে সরকারি বিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি, রেজিস্টার্ড কিন্ডারগার্টেন ও অনুমোদিত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরও পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়ার নির্দেশ দেন। এর ফলে নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা আয়োজন সম্ভব হয়নি এবং পুরো প্রক্রিয়াটি স্থগিত হয়ে যায়। এরপর সরকার কৌশলী অবস্থান নিয়ে বৃত্তি পরীক্ষার বদলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'মেধা যাচাই পরীক্ষা' নেওয়ার সিদ্ধান্ত নেয়। তবে আবারও বেসরকারি ও কিন্ডারগার্টেন-সংশ্লিষ্টরা হাইকোর্টের দ্বারস্থ হলে এক আদেশে 'বৃত্তি পরীক্ষা' এবং এর বিকল্প হিসেবে প্রস্তাবিত 'মেধা যাচাই পরীক্ষা' উভয় কার্যক্রম এক মাসের জন্য স্থগিত করেন। সর্বশেষ নির্বাচনের মধ্য দিয়ে নতুন সরকার গঠনের পর বেসরকারি ও কিন্ডারগার্টেন শিক্ষার্থীদেরও বৃত্তি পরীক্ষায় অংশ নেওয়ার বিষয়ে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেন সরকারের শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, 'একই দেশের নাগরিক হিসেবে তাদেরও (বেসরকারি শিক্ষার্থী) এই পরীক্ষায় অংশ নেওয়ার অধিকার রয়েছে। তাই সরকারি ও বেসরকারি উভয় ধারার শিক্ষার্থীদের জন্য একই প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ঈদের আগেই প্রশ্নপত্র প্রস্তুত করা হবে। শিক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ায় বৃত্তি বণ্টনে একটি অনুপাত নির্ধারণ করা হয়েছে। মোট বৃত্তির ৮০ শতাংশ সরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য এবং ২০ শতাংশ বেসরকারি ও কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য বরাদ্দ থাকবে।' বৃত্তির আর্থিক কাঠামো তুলে ধরে শিক্ষামন্ত্রী জানান, ট্যালেন্টপুলে নির্বাচিত শিক্ষার্থীরা এককালীন ২২৫ টাকা এবং মাসিক ৩০০ টাকা পাবে। আর সাধারণ বৃত্তিপ্রাপ্তরা এককালীন ২২৫ টাকা ও মাসিক ২২৫ টাকা পাবে। আগামী বছর বৃত্তির পরিমাণ বাড়ানোর চিন্তাভাবনা রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

৩শ কোটির অবৈধ সম্পদ: সাবেক এমপি

তথ্য-উপাত্ত সংগ্রহ করে কমিশন মামলার সিদ্ধান্ত নিয়েছে। দুদকের তথ্যমতে, সাবেক এমপি মহারাজের নিজের নামে ৫১ কোটি ২৭ লাখ ৩২ হাজার ৬৩১ টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের প্রাথমিক প্রমাণ পাওয়া গেছে। তাঁর স্ত্রী উম্মে কুলসুমের নামে ৬ কোটি ৯৮ লাখ ৯৫ হাজার টাকা এবং ছেলে শাম্মাম জুনাইদ ইফতির নামে ৬৪ কোটি ৯১ লাখ ৯৩ হাজার টাকার সম্পদের তথ্য মিলেছে, যার বৈধ উৎস সংশ্লিষ্টরা দেখাতে পারেননি। এ ছাড়া মহারাজের ভাই মো. শামসুদ্দিনের নামে ২১ কোটি ৮৬ লাখ ২৩ হাজার টাকা, মো. সালাউদ্দীনের নামে ২৭ কোটি ২৯ লাখ ৯০ হাজার টাকা এবং মিরাজুল ইসলাম মিরাজের নামে ৯৯ কোটি ১২ লাখ ৮৭ হাজার টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের তথ্য পাওয়া গেছে। মিরাজের স্ত্রী মিসেস শামীমার নামেও ৭ কোটি ৯০ লাখ ৯৯ হাজার টাকার সম্পদের অসংগতি চিহ্নিত করেছে দুদক। দুদক সূত্র জানায়, অভিযুক্তরা ক্ষমতার প্রভাব খাঁটিয়ে বিভিন্ন খাত থেকে অর্থ সংগ্রহ, জমি ও স্থাবর-অস্থাবর সম্পদ ক্রয় এবং ব্যাংক হিসাবে অস্বাভাবিক লেনদেনের মাধ্যমে এসব সম্পদ অর্জন করেছেন বলে অনুসন্ধানে উঠে এসেছে। মামলায় তাদের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন আইন ও মানিলন্ডারিং প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারায় অভিযোগ আনা হতে পারে। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর দুর্নীতির অভিযোগে একাধিক সাবেক মন্ত্রী-এমপি ও প্রভাবশালী ব্যক্তির সম্পদ জব্দ ও ক্রোকের উদ্যোগ নেয় দুদক। সেই ধারাবাহিকতায় মহারাজ ও তার পরিবারের সদস্যদের ব্যাংক হিসাব ফ্রিজ ও সম্পদ জব্দ ও ক্রোক করা হয়েছে।

ঝালকাঠিতে অস্বাস্থ্যকর সেমাইয়ের

করা হয়। তবে জরিমানার খবর ছড়িয়ে পড়লে অন্য কারখানাগুলোতে আতঙ্ক বিরাজ করলেও অস্বাস্থ্যকর পরিবেশের কোনো পরিবর্তন দেখা যায়নি। এর আগে সরেজমিনে মদিনা ফুডসে গিয়ে দেখা যায়, কারখানার ভেতরে ভ্যাপসা গন্ধ আর নোংরা পরিবেশে তৈরি হচ্ছে সেমাই। সেখানে দিনের পর দিন ব্যবহৃত ঘন কালো পোড়া তেলে ভাজা হচ্ছে লাচ্ছা সেমাই। কারখানার মালিক মোঃ নান্নু মিয়া এ বিষয়ে কোনো সদুত্তর দিতে পারেননি। একই এলাকার শাখাওয়াত হোসেনের মালিকানাধীন 'কুলসুম ফুডসে' গিয়ে দেখা যায়, সেখানে ভারী ও ঝুঁকিপূর্ণ কাজে ব্যবহার করা হচ্ছে স্কুলগামী কিশোর ও শিশুদের।একাধিক কিশোরকে দিয়ে নোংরা পরিবেশে কাজ করানো হচ্ছে। শ্রম আইনের তোয়াক্কা না করে অল্প মজুরিতে এসব কোমলমতি শিশুদের দিয়ে সেমাই তৈরির কাজ করানো হচ্ছে। এদিকে শহরের পূর্ব চাঁদকাঠি টিএনটি এলাকায় অবস্থিত জেলার সব থেকে বড় কারখানা 'মক্কা ফুডস'-এর বিরুদ্ধে রয়েছে গুরুতর অভিযোগ। ইতিপূর্বে অস্বাস্থ্যকর পরিবেশের কারণে একাধিকবার জরিমানা করা হলেও বুধবার সরেজমিনে গিয়ে দেখা যায় তাদের অবস্থার কোনো পরিবর্তন হয়নি। সেখানে গেলে কারখানার মালিক পরিচয়দানকারী মোঃ আরিফ সাংবাদিকদের ওপর ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং তথ্য সংগ্রহে বাধা দেওয়ার চেষ্টা করেন। সেখানে দেখা যায়, স্যাঁতসেঁতে মেঝেতে রাখা হয়েছে আটা ও ময়দার খামির, যার পাশেই উড়ছে মাছি। এ বিষয়ে ঝালকাঠি সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর সভাপতি সত্যবান সেন গুপ্ত উদ্বেগ প্রকাশ করে বলেন,ঈদের আগে একশ্রেণির ব্যবসায়ী সাধারণ মানুষের স্বাস্থ্য নিয়ে ব্যবসা করছে।এটি অত্যন্ত দুঃখজনক। প্রশাসনের উচিত কেবল নামমাত্র জরিমানা নয়, সংশ্লিষ্ট কর্মকর্তাদের নজরদারি আরও জোরদার করতে হবে যাতে কেউ মানহীন পণ্য বাজারেছাড়তে না পারে। অভিযান প্রসঙ্গে জেলা নিরাপদ খাদ্য অফিসার ফয়েজ জালাল উদ্দিন বলেন, 'আমরা কারখানাগুলো নিয়মিত ভিজিট করছি। মদিনা ফুডকে জরিমানা করা হয়েছে। মান নিশ্চিত করতে আমাদের অভিযান ও সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে।' জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানা জানান, 'বাজারে নিত্যপণ্যের দাম ও মান ঠিক রাখতে আমাদের টিম কাজ করছে। অনিয়ম পেলেই ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং এই তদারকি পর্যায়ক্রমে সব জায়গায় চলবে।'

আবিরের রঙে বরিশালে

সবচেয়ে বড় পরিসরে এ উৎসবের আয়োজন করে শংকর মঠ পূজা উদযাপন কমিটি। সকাল সোয়া ৭ টায় শিব পূজার মধ্য দিয়ে দোল উৎসবের আনুষ্ঠানিকতা শুরু হয়। এরপরেই আবির খেলায় মাতেন তরুণ-তরুণীরা। দেড় হাজার তরুণ-তরুণী রেজিষ্ট্রেশনের মাধ্যমে এতে অংশগ্রহন করেন। বেলা বাড়ার সাথে সাথে পুরো মন্দির প্রাঙ্গণ হয়ে উঠে রঙিন। দোল উৎসবের এমন আয়োজনে অংশগ্রহন করতে পেরে খুশি আগতরা। দোল উৎসব উপলক্ষে মন্দির প্রাঙ্গনে নানা আয়োজনে মধ্যে ছিলো ডিজে পার্টি। ডিজের তালে তালে নেচে গেয়ে আনন্দে মেতে ওঠেন তরুন তরুণীরা। দোল উৎসবে নানা রঙে সাজিয়ে তোলেন নিজেদেরকে। আগামীতে যাতে আরও বড় পরিসরে দোল উৎসবের এই আয়োজন করা হয় এমন প্রত্যাশা সবার। দোল উৎসবে অংশ নেয়া বিএম কলেজের এক শিক্ষার্থী শ্র?য়া ঘোষ জানান, 'সনাতন ধর্মাবলম্বীদের অবতার শ্রীকৃষ্ণ ও তার সখী রাঁধা এই দোলপূর্ণিমার দিনে রং খেলায় মেতেছিলেন। এই দিনে তাই তারা দোল উৎসব পালন করে আসছে।' শুধু আবিরের রঙ নয় শংকর মঠে আয়োজন ছিলো র্যাফেল ড্র এবং প্রসাদ বিতরণ। এবিষয়ে শ্রী শ্রী শংকর মঠ দোল উৎসব উদযাপন কমিটির সভাপতি তন্ময় দাস তপু জানান, বিগত ৪ বছর যাবত শ্রী শ্রী শংকর মঠ পূজা উদযাপন কমিটির উদ্যোগে এই দোল উৎসবের আয়োজন করা হচ্ছে। আর এতে এ বছর রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রায় দেড় হাজার মানুষের সমাগম ঘটেছে এই উৎসব আয়োজনে।

যুদ্ধে তেলের দাম হু হু করে

বিশ্বজুড়ে শেয়ারবাজারে পতন দেখা গেছে। এশিয়া, ইউরোপ ও যুক্তরাষ্ট্রের প্রধান সূচকগুলো নিম্নমুখী হয়েছে। বিনিয়োগকারীরা আশঙ্কা করছেন, সংঘাত বাড়লে অর্থনৈতিক অনিশ্চয়তা আরও গভীর হবে। সবচেয়ে বড় প্রভাব পড়েছে তেলের বাজারে। হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের প্রায় এক-পঞ্চমাংশ তেল পরিবহন হয়। ইরানের পক্ষ থেকে এই পথ বন্ধ করে দেওয়ার হুঁশিয়ারি দেওয়ায় বাজারে উদ্বেগ বেড়েছে। এর ফলে ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম বেড়ে ব্যারেলপ্রতি ৮২ ডলারের ওপরে উঠেছে, যা গত কয়েক মাসের মধ্যে সর্বোচ্চ। বিশ্লেষকদের ধারণা, সরবরাহ ব্যাহত হলে তেলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলার ছাড়িয়ে যেতে পারে। যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা সংস্থা কাউন্সিল অন ফরেন রিলেশনস সতর্ক করে বলেছে, মধ্যপ্রাচ্যে সংঘাত বাড়লে জ্বালানি সরবরাহে বড় ধাক্কা লাগবে। এতে মুদ্রাস্ফীতি বাড়বে এবং বিশ্ব অর্থনীতি মন্দার ঝুঁকিতে পড়তে পারে। বিশেষ করে জ্বালানি আমদানিনির্ভর দেশগুলো বেশি ক্ষতিগ্রস্ত হবে। অর্থনৈতিক বিশ্লেষকদের মতে, সংঘাত সীমিত থাকলে প্রভাব সাময়িক হতে পারে। তবে প্রণালি দীর্ঘ সময় বন্ধ থাকলে বা অবকাঠামো ক্ষতিগ্রস্ত হলে বৈশ্বিক মন্দা দেখা দিতে পারে। তেলের দাম যদি ব্যারেলপ্রতি ১২০ ডলারে পৌঁছে যায়, তাহলে যুক্তরাষ্ট্রসহ বিশ্ব অর্থনীতি বড় ধাক্কা খাবে। তথ্যসূত্র : সিনহুয়া

ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা

রয়েছে বলে স্বীকার করেছে ইসরায়েলি সামরিক বাহিনী। ইসরায়েলের সামরিক মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল এফি ডেফরিন বলেছেন, '?'আমরা ইরানের কয়েক ডজন ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ যন্ত্র ধ্বংস করেছি। ইরানি এসব ব্যবস্থা ইসরায়েলি সীমান্তের জন্য বড় ধরনের হুমকি ছিল।'' তিনি বলেন, ''আমরা ইরানের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ ব্যবস্থায় হামলা অব্যাহত রাখব এবং ক্ষেপণাস্ত্র ছোড়ার ক্ষমতা কমিয়ে ফেলবো। তবে দেশটির এখনও উল্লেখযোগ্য সক্ষমতা রয়েছে। আমি আপনাদের মনে করিয়ে দিতে চাই, আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা দুর্ভেদ্য নয়।'' পৃথক এক বিবৃতিতে ইসরায়েলের সেনাবাহিনী বলেছে, গত রাতে পশ্চিম ইরানের ইসফাহানে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র মজুত, উৎপাদন ও উৎক্ষেপণ স্থাপনায় হামলা চালিয়েছে ইসরায়েল। ইসরায়েলের মধ্যাঞ্চলে অবস্থিত ইসরায়েল অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজের (আইএআই) সদরদপ্তর লক্ষ্য করে ড্রোন হামলা চালিয়েছে লেবাননের সশস্ত্রগোষ্ঠী হিজবুল্লাহ। একই সঙ্গে ইসরায়েলের ড্রোন নিয়ন্ত্রণকারী একটি সামরিক ঘাঁটিতেও ড্রোন হামলা চালানোর দাবি করেছে গোষ্ঠীটি। যুদ্ধবিমান, ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা, মনুষ্যবিহীন ড্রোনসহ যুদ্ধের অস্ত্র, স্যাটেলাইট ও মহাকাশ কার্যক্রমের জন্য বিভিন্ন ধরনের প্রতিরক্ষা এবং বেসামরিক পণ্য তৈরি করে ইসরায়েলের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান ইসরায়েল অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজ। ফরাসি বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে বলা হয়েছে, বুধবার রাতে ইসরায়েলের মধ্যাঞ্চলে ইসরায়েলি সামরিক সরঞ্জামপ্রস্তুতকারক কোম্পানি আইএআইর সদরদপ্তরে ড্রোন হামলা চালিয়েছে হিজবুল্লাহ। ইরানপন্থী লেবাননের সশস্ত্র এই গোষ্ঠী বলেছে, লেবাননের কয়েক ডজন শহর ও জনপদে ইসরায়েলি অপরাধমূলক আগ্রাসনের জবাবে বুধবার রাত ২টার দিকে ড্রোন দিয়ে অধিকৃত ফিলিস্তিনের কেন্দ্রে অবস্থিত ইসরায়েল অ্যারোস্পেস ইন্ডাস্ট্রিজের (আইএআই) সদরদপ্তরে হামলা চালানো হয়েছে।

বরগুনায় গাঁজাসহ নারী

ঘর থেকে গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান পরিচালনা করেন মাদক নিয়ন্ত্রণ বরগুনা কর্মকর্তা জয়নাল আবেদীন ও তার সঙ্গীয় সদস্যারা। পরে নারী কারবারি সাথী আক্তারের সহযোগী হাসিবকেও আটক করা হয়। এ সময় তল্লাশি চলাকালীন সময় তাদের কাছ থেকে গাঁজা বিক্রির নগদ সাড়ে পাঁচ হাজার টাকা ও ছয়টি মোবাইল ফোন জব্দ করা হয়। এ বিষয়ে মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের জয়নাল আবেদীন বলেন, 'দেড় কেজি গাঁজাসহ আটককৃত দুই মাদক কারবারিকে সদর থানায় হস্তান্তর করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা করে বুধবার সকালে আদালতের মাধ্যমে জেল-হাজতে পাঠানো হবে।'

চরফ্যাশনে অবৈধ সেঁচ পাম্পিংয়ের

সেচ পাম্প দ্বারা উত্তলিত পানি কৃষি জমিতে ব্যবহার করছে। উপজেলা বিএডিসি কার্যালয় সূত্রে জানা যায়, জিন্নাগড়, মাদ্রাজ, হাজারীগঞ্জ, জাহানপুর ইউনিয়নসহ পৌরসভায় বেসরকারীভাবে ১০০ সাব মারসিবল সেচ পাম্প রয়েছে। এসব পাম্প থেকে কৃষি কাজে ব্যবহারের জন্য প্রতিদিন আট ঘন্টায় গড়ে ৮ লাখ ৬ হাজার ৪০০ লিটার পানি উত্তোলন করা হয়। সুপেয় পানির সংকটে পড়া এলাকাগুলো ঘুরে দেখা যায়, আগে যেখানে হস্তচালিত টিউবওয়েল থেকে সহজেই সুপেয় পানি পাওয়া যেত, এখন সেখানে কয়েক মিনিট চাপ দিলেও পানি উঠছে না। কৃষিকাজ, মাছের ঘের এবং ব্যক্তিগত ব্যবহারের জন্য অনেকেই উচ্চক্ষমতাসম্পন্ন সাব মারসিবল পাম্প ব্যবহার করছেন। এসব পাম্প ঘণ্টার পর ঘণ্টা চালিয়ে বিপুল পরিমাণ পানি উত্তোলন করা হচ্ছে। গত কয়েক মাস থেকে এ সমস্যা প্রকট হয়েছে। অনেক পরিবারকে দূর-দূরান্ত থেকে সুপেয় পানি সংগ্রহ করতে হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ ও বাজার এলাকাতেও সুপেয় পানির সংকট দেখা দিয়েছে। এদিকে কৃষকরা তাদের বোরো আবাদের জন্য প্রতিনিয়ত সাব মারসিবল পাম্পের মাধ্যমে পানি উত্তোলন করছে। এছাড়াও প্রভাবশালী ব্যক্তিরা গভীর নলকূপে শক্তিশালী সাব মারসিবল পাম্প স্থাপন করে অতিরিক্ত হারে ভূগর্ভস্থ পানি উত্তোলন করছেন। ফলে ভূগর্ভস্থ পানির স্তর দ্রুত নিচে নেমে যাচ্ছে। এর প্রভাবে আশপাশের গভীর টিউবওয়েলগুলোতে পানি উঠছে না। বিশেষ করে নিম্নআয়ের পরিবারগুলো বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে, কারণ তাদের পক্ষে মোটরচালিত পাম্প ব্যবহার করা সম্ভব নয়। চর মাদ্রাজ এলাকার স্থানীয় বাসিন্দা রফিকুল ইসলাম বলেন, 'আগে আমাদের বাড়ির টিউবওয়েলে সারাবছর পানি থাকত। এখন এক ফোঁটাও উঠছে না। পাশের বাড়িতে গভীর নলকূপে সাব মারসিবল পাম্প বসানোর পর থেকেই এই সমস্যা শুরু।' একই অভিযোগ করেছেন জিন্নাগড় এলাকায় বাসবাসকারী গৃহিণী নাসিমা বেগম। তিনি বলেন, 'বিলের মধ্যে অবৈধভাবে সাব মারসিবল পাম্প স্থাপন করে পানি উত্তোলনের ফলে আমাদের নলকূপে পানি ওঠা বন্ধ হয়ে গেছে। প্রতিদিন ভোরে দূরের একটি নলকূপ থেকে পানি আনতে হচ্ছে, যা অত্যন্ত কষ্টকর। এমনকি অনেক সময় পুকুরের পানি পান করতে হচ্ছে এবং রান্নার কাজে ব্যবহার করা হচ্ছে।' সাব মারসিবল পাম্প স্থাপনকারী জিন্নাগড় ৭ নম্বর ওয়ার্ডের ফারুক কেরানী বলেন, 'খাল শুকিয়ে যাওয়ায় আমরা বিকল্প পদ্ধতিতে ভূগর্ভ থেকে পানি উত্তলন করতে বাধ্য হয়েছি। বোরোর আবাদ বাঁচাতে সাব মারসিবল পাম্প ব্যবহার করছি।' উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়ের তথ্যমতে, একই এলাকায় একাধিক গভীর নলকূপ ও শক্তিশালী সাব মারসিবল পাম্প ব্যবহারের কারণে অগভীর টিউবওয়েলগুলো অচল হয়ে পড়ছে। চরফ্যাশন পৌরসভাসহ ২১টি ইউনিয়নে ১০ হাজার ৭৩টি হস্তচালিত নলকূপ স্থাপন করা হয়েছে। এর মধ্যে ৯ হাজার ৮৫১টি সচল ও ২২২টি অকেজো রয়েছে। অদ্য পর্যন্ত ২৮টি মেরামত করা হয়েছে। তবে হস্তচালিত নলকূপের সংখ্যা উপজেলা জনস্বাস্থ্য কার্যালয়ের তথ্য মতে ১০ হাজার ৭৩টি হলেও সরেজমিনে এর পরিমাণ প্রায় চারগুণ। এ উপজেলার ৬০ শতাংশ বাসিন্দা নিজস্ব অর্থায়নে গভীর নলকূপ স্থাপন করেছেন। এর মধ্যে ৪০ শতাংশ বাসিন্দার নলকূপ অকেজো রয়েছে। জিন্নাগড় ইউনিয়নের জনপ্রতিনিধি জামাল মোল্লা বলেন, 'অপরিকল্পিতভাবে সাব মারসিবল পাম্প স্থাপনের বিষয়টি নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা নেই। অনেক ক্ষেত্রেই কোনো অনুমতি বা পরিবেশগত যাচাই ছাড়াই সাব মারসিবল পাম্প বসানো হচ্ছে। ফলে দীর্ঘমেয়াদে পানির সংকট আরও তীব্র হওয়ার আশঙ্কা রয়েছে।' উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শোভন বসাক বলেন, 'নিরাপদ পানির অভাবে মানুষ পুকুর, খাল বা দূষিত উৎসের পানি ব্যবহার করতে বাধ্য হলে ডায়রিয়া, আমাশয় ও চর্মরোগসহ নানা পানিবাহিত রোগের ঝুঁকি বাড়বে।' উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মো. কামাল উদ্দিন বলেন, 'জানুয়ারীর পর যখন সেচকাজের জন্যে পানি উত্তোলন শুরু হয় তখন পানির স্তর দ্রুত হারে নামতে থাকে। অবৈধভাবে স্থাপন করা সাব মারসিবল পাম্পগুলো স্থায়ীভাবে বন্ধ করলে সুপেয় পানির সাম্প্রতিক সংকট থেকে সাধারণ মানুষ রেহায় পেত।' উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) আরিফ হোসেন বলেন, 'সুপেয় পানির সংকটের বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হচ্ছে। অবৈধভাবে স্থাপিত সাব মারসিবল পাম্পগুলো চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'

নলছিটিতে মধ্যরাতে ভয়াবহ

চায়ের দোকান থেকে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে লেলিহান শিখা পাশাপাশি দোকানগুলোতে ছড়িয়ে পড়ে। গভীর রাত হওয়ায় দোকানগুলো বন্ধ ছিল এবং লোকজন কম থাকায় আগুন দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। ফলে ৬টি দোকানের ভেতরের সব মালামালসহ সম্পূর্ণ পুড়ে যায়। খবর পেয়ে নলছিটি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহায়তায় প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ততক্ষণে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে যায়। নলছিটি থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আরিফুল ইসলাম জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে। ক্ষতির সঠিক পরিমাণ নিরূপণ এবং ঘটনার কারণ খতিয়ে দেখতে তদন্ত চলছে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা দ্রুত সরকারি সহায়তা ও পুনর্বাসনের দাবি জানিয়েছেন।

কাজিরহাটে জামায়াতের

(৩ মার্চ) বিকাল ৫টায় স্থানীয় মিলনায়তনে মাহে রমজানের গুরুত্ব-তাৎপর্য শীর্ষক আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য ও বরিশাল জেলা আমীর অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার। বিশেষ অতিথি ছিলেন জামায়াতের জেলা মজলিশে শুরা ও কর্মপরিষদ সদস্য এ্যাডভোকেট আজম খান। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, থানা জামায়াতের কর্মপরিষদ সদস্য মোঃ আতাউর রহমান, আঃ রহমান ফারুক, মাওলানা মোসলেহ উদ্দিন প্রমুখ। এছাড়াও স্থানীয় নেতা-কর্মীবৃন্দ ও বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আগৈলঝাড়ায় বিএনপি'র সদস্য

মতবিনিময় সভায় রাজনৈতিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতি, মাদক নির্মূল, দলীয় প্রভাব মুক্ত নিরপেক্ষ সাংবাদিকতার পরিবেশ নিয়ে আলোচনা করা হয়। উপজেলা বিএনপি'র সদস্য সচিব মোল্লা বসির আহম্মেদ পান্না দলীয় প্রভাব মুক্ত নিরপেক্ষ সাংবাদিকতার পরিবেশ তৈরি সংক্রান্ত বিষয় সাংবাদিকদের মতামত গ্রহণ ও উপরোক্ত বিষয় সমূহ রাজনৈতিক, প্রশাসনিক ব্যক্তিবর্গের সমন্বয়ে সমাধানের আশ্বাস প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন আগৈলঝাড়া প্রেসক্লাবের প্রতিষ্ঠাতা সরদার হারুন রানা, সাবেক সভাপতি সাইফুল ইসলাম, কে এম আজাদ রহমান, অপূর্ব লাল সরকার, সহ সভাপতি বিপন বিশ্বাস, মো: জহিরুল ইসলাম সবুজ, এইচ এম মাসুম, সাইফুল মৃধা, যুগ্ম সাধারন সম্পাদক জাহিদুল ইসলাম, মো. লুৎফর রহমান মানিক, বিকাশ চন্দ্র রায়, স্বপন দাস, পলাশ দত্ত, মো. আকতারুজ্জামান, জগদীশ মন্ডল, মলয় বিশ্বাসস, শফিকুল ইসলাম, তাসদিত হায়দার সাজিদ, মো. দিদার হোসেন, উপেন মজুমদার, বিপ্লব গাইন, মো. সরোয়ার আলম সরদার প্রমূখ। প্রধান অতিথি তার বক্তব্যে আগৈলঝাড়া উপজেলার উন্নয়ন নিয়ে আগামীদিনের কর্মপরিকল্পনার বিষয়েও মত প্রকাশ করেন।

আলোকসজ্জা পরিহার ও ব্যক্তিগত

আশঙ্কা দেখা দিয়েছে। দেশের অভ্যন্তরে বর্তমান চাহিদা অনুযায়ী জ্বালানি সরবরাহে সাময়িক বিঘ্ন ঘটতে পারে। জ্বালানি সরবরাহ হ্রাস পেতে পারে বা সাময়িক সমন্বয় করার প্রয়োজন হতে পারে, যার প্রভাবে বিদ্যুৎ ও সারের উৎপাদন কিছুটা হ্রাস পেতে পারে। তাই বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে। খোলাবাজারে ডিজেল, পেট্রোল বিক্রি না করার জন্য ব্যবসায়ীসহ আইনশৃঙ্খলা বাহিনীকে সতর্ক হতে নির্দেশনা দেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। আরও বলা হয়, প্রশাসন, পুলিশ প্রশাসন, বর্ডার গার্ড বাংলাদেশকে জ্বালানি পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ইতিমধ্যে অনুরোধ জানানো হয়েছে। জ্বালানি সংকট পরিস্থিতি মোকাবিলায় সকালে জরুরি সভা করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। সভায় জানানো হয়, জ্বালানির সম্ভাব্য উৎসসমূহ থেকে কাঙ্ক্ষিত পরিমাণে ও সঠিক সময়ে জ্বালানির সরবরাহ অনিশ্চিত হয়ে পড়েছে। বৈশ্বিক পরিস্থিতির নেতিবাচক প্রভাব ন্যূনতম পর্যায়ে রাখার জন্য মন্ত্রণালয় ইতিমধ্যে সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণ করেছে। জ্বালানি সংগ্রহ স্বাভাবিক রাখতে সব উৎস থেকে জ্বালানি সংগ্রহের উদ্যোগ নেওয়া হয়েছে। সভায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব, বিপিসির চেয়ারম্যান, পিডিবির চেয়ারম্যানসহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সাময়িক সংকট মোকাবিলায় সরকারের উদ্যোগ সফল করার জন্য জনগণকে ধৈর্য ধারণ করে সর্বাত্মক সহযোগিতার আহ্বান জানিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

শঙ্কা কেটেছে ডা. মাহমুদা মিতুর

উল্লেখ করেন তিনি। নানা জটিলতায় শরীরের ওপর ধকল গেলেও এখন ধীরে ধীরে সুস্থতার পথে আছেন বলে জানান। ?গত ২৩ ফেব্রুয়ারি গাইনোকোলজিক্যাল জটিলতা নিয়ে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হওয়ার পর তার জরুরি অস্ত্রোপচার সম্পন্ন হয়। অস্ত্রোপচারের আগে তিনি প্রায় শক অবস্থায় ছিলেন এবং অতিরিক্ত রক্তক্ষরণজনিত জটিলতা তৈরি হয়েছিল। অস্ত্রোপচারের পর ফুসফুসে সংক্রমণ, রক্তের বিভিন্ন সূচকের অস্বাভাবিকতা ও নতুন করে শনাক্ত ডায়াবেটিসসহ একাধিক জটিলতা দেখা দেয়। পোস্টে তিনি আরও জানান, ঝালকাঠি-১ আসনের কাঠালিয়া ও রাজাপুর উপজেলার মসজিদ-মাদরাসার জন্য বিশেষ বরাদ্দ আগেই অনুমোদন পেয়েছিলাম। তবে নির্বাচনকালীন কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমানে সেই বরাদ্দ বাস্তবায়ন কার্যক্রম শুরু হবে। প্রতি মসজিদ ও মন্দিরে দুই লাখ টাকা করে দেওয়ার কথা রয়েছে। যদিও প্রস্তাবিত সব প্রতিষ্ঠানের নাম চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি বলে তিনি উল্লেখ করেন এবং যারা এবার পাননি, তাদের ধৈর্য ধরার আহ্বান জানান। ?তিনি আরও বলেন, কাঠালিয়ার রাস্তাঘাট উন্নয়নের জন্য অনুমোদিত ১১৩ কোটি টাকার প্রকল্পের কাজও শিগগিরই শুরু হবে। বরাদ্দকৃত অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে এলাকাবাসীর প্রতি নজরদারির আহ্বান জানিয়ে তিনি বলেন, কোনো ধরনের অনিয়ম বরদাশত করা হবে না। ?ডা. মিতু বলেন, দলমত নির্বিশেষে অবহেলিত এই অঞ্চলের উন্নয়নই তার লক্ষ্য। দীর্ঘদিন ধরে এলাকার অবকাঠামোগত ঘাটতির কথা উল্লেখ করে তিনি জানান, এখনও অনেক সড়কে জরুরি সেবা পৌঁছানো কঠিন। জনগণের অধিকার রক্ষায় তিনি প্রতিশ্রুতিবদ্ধ বলেও জানান। ?উল্লেখ্য, ২৩ নভেম্বর ২০২৫ তারিখে ডা. মাহমুদা আলম মিতু স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের তৎকালীন উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার কাছে কাঠালিয়া ও রাজাপুর উপজেলার বিভিন্ন মসজিদ, মন্দির, মাদরাসা, কবরস্থান, এতিমখানা ও ঈদগাহের উন্নয়নের জন্য বিশেষ বরাদ্দ চেয়ে আবেদন করেন। আবেদনটি ডিসেম্বরে অনুমোদন পেলেও নির্বাচনের কারণে তখন তা বাস্তবায়ন বা বিতরণ করা হয়নি।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ মার্চ ২০২৬ ॥ ২০ ফাল্গুন ১৪৩২

ইরানের ক্ষেপণাস্ত্র সক্ষমতা এখনও বড় হুমকি: ইসরায়েল

কীর্তনখোলা ডেস্ক
ইরানের ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ ব্যবস্থা লক্ষ্য করে ইসরায়েলি সামরিক বাহিনীর হামলা চলছে। উৎক্ষেপণ ব্যবস্থা লক্ষ্য করে সুনির্দিষ্ট এই হামলা অব্যাহত থাকলেও দেশটির এখনও ইসরায়েলে ক্ষেপণাস্ত্র ছোড়ার ব্যাপক সক্ষমতা ৩ এর পাতায় দেখুন

যুদ্ধে তেলের দাম হু হু করে বাড়ছে, চাপে বিশ্ব অর্থনীতি

কীর্তনখোলা ডেস্ক
ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সাম্প্রতিক হামলার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা বেড়েছে। বিশ্লেষকদের মতে, এই সংঘাত দীর্ঘস্থায়ী হলে বৈশ্বিক জ্বালানি সরবরাহ, বাণিজ্য ও শেয়ারবাজারে বড় প্রভাব পড়তে পারে। হামলার পরপরই ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদ দরবারে প্রতিদিন হাজারো মানুষের ইফতার

ঝালকাঠি প্রতিনিধি
দুপুর গড়িয়ে বিকেল। আছরের নামাজ শেষ। তখন সূর্য পশ্চিম আকাশে অনেকটা হেলে পড়েছে। নীল আকাশে লাল আভা ছড়িয়ে পড়েছে। আর অল্প কিছু সময় মধ্যেই মাগরিবের আজান হবে। এমন সময়ে ঝালকাঠি নেছারাবাদ এন এস কামিল মাদ্রাসা (নেছারাবাদ দরবার) সংলগ্ন সভাস্থলে চলছে ইফতারের আয়োজন। শিক্ষার্থীরা ইফতারের প্লেট সাজাতে ব্যস্ত সময় পার করছেন। সারা দিনের রোজা শেষে শিক্ষক-শিক্ষার্থী ও পথচারী সাধারণ মানুষ ইফতারের জন্য প্যান্ডেলের দিকে আসছেন। প্রতিদিন প্রায় এক হাজার মানুষের ইফতার হয় নেছারাবাদ ইসলামী কমপ্লেক্সে। এই ইফতারে শামিল হতে কোনো টাকা লাগে না। বিনামূল্যে রোজাদাররা শরবত, প্লেটে চিঁড়ামুড়ি, খেজুর, জিলাপি, পেঁয়াজু, শসা, ছোলাবুট, মুড়ি আর বিশুদ্ধ পানি পাচ্ছেন। দীর্ঘ বছর ধরে এখানে এভাবেই হাজার মানুষের জন্য ইফতারের আয়োজন করছে মাদ্রাসা কর্তৃপক্ষ। প্রায় প্রতিদিনই কোনো না কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই ইফতারে অর্থায়ন করেন। বুধবার (৪ মার্চ) ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে অস্বাস্থ্যকর সেমাইয়ের মহোৎসব, স্বাস্থ্যঝুঁকিতে লাখো মানুষ

ঝালকাঠি প্রতিনিধি
পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে ঝালকাঠিতে জমে উঠেছে সেমাইয়ের রমরমা বাণিজ্য। তবে উৎসবের সুযোগে একশ্রেণির অসাধু ব্যবসায়ী মেতে উঠেছে জনস্বাস্থ্য নিয়ে ছিনিমিনি খেলায়। ঝালকাঠি শহরের বিভিন্ন কারখানায় কোনো প্রকার বিধিনিষেধের তোয়াক্কা না করে চরম অস্বাস্থ্যকর পরিবেশে তৈরি হচ্ছে লাচ্ছা ও সাধারণ সেমাই। পোড়া তেল আর মানহীন উপকরণের মিশ্রণে তৈরি এসব সেমাইকে স্থানীয়রা 'বিষ' হিসেবে দেখছেন। বুধবার (৪ মার্চ) সরেজমিনে তথ্য সংগ্রহের পর জেলা নিরাপদ খাদ্য অধিদপ্তর ও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে বিষয়টি জানানো হলে তারা তাৎক্ষণিক অভিযানে নামে। এসময় অস্বাস্থ্যকর পরিবেশে সেমাই তৈরির অপরাধে শহরের কাঠপট্টি এলাকার 'মেসার্স মদিনা ফুড প্রোডাক্টস'-কে ২০ হাজার টাকা জরিমানা ৩ এর পাতায় দেখুন

আবিরের রঙে বরিশালে অনুষ্ঠিত হলো দোল উৎসব

কীর্তনখোলা রিপোর্ট
নাচ, গান আর আবিরের রঙে বরিশালে উদযাপিত হয়েছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব দোল পূর্ণিমা। বুধবার (৪ মার্চ) সকাল থেকেই মহানগরীর মন্দির ও পাড়া-মহল্লায় আবির খেলায় মেতে ওঠে সব বয়সের মানুষ। তবে উৎসবের মূল কেন্দ্রবিন্দু হয়ে উঠেছিল বিএম কলেজ রোডের শ্রী শ্রী শংকর মঠ মন্দির প্রাঙ্গন। প্রতি বছরের মতো এ বছরেও সকালে পূজার মাধ্যমে দোল উৎসবের আনুষ্ঠানিকতা শুরু হয়। এ বছরও জেলার ৩ এর পাতায় দেখুন

৩শ কোটির অবৈধ সম্পদ: সাবেক এমপি মহারাজের বিরুদ্ধে মামলার অনুমোদন

কীর্তনখোলা রিপোর্ট
প্রায় ৩০০ কোটি টাকা জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে পিরোজপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য মহিউদ্দিন মহারাজ ও তাঁর পরিবারের ছয় সদস্যের বিরুদ্ধে মামলা করতে যাচ্ছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। ইতিমধ্যে দুদকের কমিশন সভায় মামলাটি অনুমোদন দেওয়া হয়েছে বলে জানিয়েছেন সংস্থাটির

কর্মকর্তারা। এর আগে মহারাজের বিরুদ্ধে প্রায় ১ হাজার ৭৯ কোটি টাকা আত্মসাতের অভিযোগে আটটি মামলা করেছে দুদক। এসব মামলা তদন্তাধীন। দুদকের উপপরিচালক আক্তারুল ইসলাম গতকাল বুধবার বলেন, পিরোজপুর সমন্বিত জেলা কার্যালয়ে শিগগিরই মামলাটি করা হবে। দীর্ঘ অনুসন্ধান শেষে সংশ্লিষ্টদের নামে বিপুল পরিমাণ সম্পদের ৩ এর পাতায় দেখুন

এপ্রিলে পূর্ণ সিলেবাসে প্রাথমিকের বৃত্তি পরীক্ষা, ফল জুনে

কীর্তনখোলা ডেস্ক
দীর্ঘ আইনি জটিলতা ও অনিশ্চয়তা কাটিয়ে অবশেষে এপ্রিল মাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে প্রাথমিকের স্থগিত হওয়া গত বছরের বৃত্তি পরীক্ষা। আগামী ১৫ থেকে ১৮ এপ্রিলের মধ্যে চার দিনে এই পরীক্ষা আয়োজনের জোর প্রস্তুতি চলছে। কোনো সংক্ষিপ্ত সিলেবাস নয়, বরং পঞ্চম শ্রেণির পূর্ণ সিলেবাসে গত বছরের বই থেকেই পাঁচ বিষয়ে মোট ৪০০ নম্বরের পরীক্ষায় অংশ নেবে শিক্ষার্থীরা। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, এবারই প্রথম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশাপাশি বেসরকারি ও কিন্ডারগার্টেন শিক্ষার্থীরাও একই প্রশ্নপত্রে ৩ এর পাতায় দেখুন

কুয়াকাটায় গাঁজাসহ যুবক গ্রেফতার

কুয়াকাটা প্রতিনিধি
পটুয়াখালীর কুয়াকাটায় ভ্রাম্যমাণ আদালতের বিশেষ অভিযানে প্রায় ৩০০ গ্রাম গাঁজাসহ জুয়েল (২৫) নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে। ৪ মার্চ (বুধবার) দুপুরে কুয়াকাটা কেরানীপাড়া গেস্ট হাউসের সামনে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক। এ সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পটুয়াখালী ও মহিপুর থানা পুলিশের একটি যৌথ দল অংশ নেয়। অভিযান চলাকালে সন্দেহভাজন জুয়েলের দেহ তল্লাশি করে তার কাছ থেকে প্রায় ৩০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। পরে তাকে আটক করা হয়। ৩ এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞা অমান্য করায় ২৪ জেলেকে জরিমানা

হিজলা প্রতিনিধি
নিষেধাজ্ঞা অমান্য করে মেঘনা নদীর অভয়াশ্রম এলাকায় কারেন্ট জাল দিয়ে মাছ শিকারের দায়ে ২৪ জেলেকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। এ সময় তাদের কাছ থেকে বিপুল পরিমাণ কারেন্ট জাল উদ্ধার করা হয়। বুধবার (৪ মার্চ) সকাল থেকে দুপুর পর্যন্ত বরিশালের হিজলা উপজেলা মৎস্য বিভাগ ও নৌ-পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে এই জেলেদের আটক করে। পরে আটকদের জরিমানা করেন হিজলা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) অভ্র জ্যোতি বড়াল। জরিমানাপ্রাপ্ত জেলেরা হলেন: বশির আকন ৩ এর পাতায় দেখুন

অফিসে এসে ৪০ মিনিট বাধ্যতামূলক অবস্থান করতে হবে সরকারি কর্মচারীদের

কীর্তনখোলা ডেস্ক
সরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রতিদিন সকাল ৯টা থেকে ৯টা ৪০ মিনিট পর্যন্ত অফিসে বাধ্যতামূলকভাবে অবস্থান করতে হবে। কর্তৃপক্ষকে না জানিয়ে দাপ্তরিক কাজ ছাড়া অফিস সময়ে নিজ দপ্তর ত্যাগ করতে পারবেন না। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পরিপত্র জারি করা হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি স্বাক্ষরিত পরিপত্রে বলা হয়েছে, কিছু ক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীরা অফিসে আগমনকালে পথিমধ্যে দাপ্তরিক বা ব্যক্তিগত বিভিন্ন কর্মসূচিতে (যেমন- সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অতিথি বক্তা হিসেবে অংশগ্রহণ, ব্যাংক/হাসপাতাল/বিদ্যালয়ে গমন ইত্যাদি) সম্পৃক্ত হওয়ার কারণে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকেন না। এর ফলে সংশ্লিষ্ট ৩ এর পাতায় দেখুন

বরিশালে খুচরা সার বিক্রেতাদের মানববন্ধন, নীতিমালা পুনর্বিবেচনার দাবি

কীর্তনখোলা রিপোর্ট
সরকার অনুমোদিত কার্ডধারী খুচরা সার বিক্রেতাদের সনদ বহাল রাখা ও সার সংক্রান্ত নতুন নীতিমালা পুনর্বিবেচনার দাবিতে বরিশালে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় নগরীর বরিশাল টাউন হল-এর সামনে এ কর্মসূচি পালন করেন জেলার বিভিন্ন উপজেলা থেকে আগত খুচরা সার বিক্রেতারা। মানববন্ধন শেষে মাননীয় প্রধানমন্ত্রীর বরাবর একটি স্মারকলিপি জেলা প্রশাসকের মাধ্যমে প্রেরণ করা হয়। বক্তারা অভিযোগ করেন, সম্প্রতি প্রণীত সার সংক্রান্ত নীতিমালার কারণে সারাদেশের খুচরা সার বিক্রেতাদের সনদ স্থগিত করা হয়েছে এবং পৃথকভাবে খুচরা বিক্রেতাদের কোনো ব্যবস্থা রাখা হয়নি। এর ফলে প্রায় ৪৪ হাজার

আগৈলঝাড়ায় বিএনপি'র সদস্য সচিবের মতবিনিময় সভা

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় কর্মরত প্রগতিশীল সাংবাদিকদের ঐতিহ্যবাহী সংগঠন আগৈলঝাড়া প্রেসক্লাবের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন উপজেলা বিএনপি'র সদস্য সচিব মোল্লা বসির আহম্মেদ পান্না। গতকাল দুপুর ২টায় উপজেলা সদরে আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাকক্ষে সভাপতি মোঃ শামিমুল ইসলাম শামিম এর সভাপতিত্বে ও সাধারন সম্পাদক নাজমুল রিপনের সঞ্চালনায় ৩ এর পাতায় দেখুন

কাজিরহাটে জামায়াতের ইফতার মাহফিল অনুষ্ঠিত

কাজিরহাট প্রতিনিধি
বাংলাদেশ জামায়াতে ইসলামী কাজিরহাট থানা শাখার উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। থানা জামায়াতের আমীর মাওলানা আবুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠান পরিচালনা করেন থানা সেক্রেটারী কাজী লুৎফর রহমান । মঙ্গলবার ৩ এর পাতায় দেখুন

জ্বালানি-সংকটের আশঙ্কা
আলোকসজ্জা পরিহার ও ব্যক্তিগত গাড়ি ব্যবহার না করার অনুরোধ

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে যুদ্ধাবস্থার কারণে জ্বালানি সংকটের আশঙ্কা তৈরি হওয়ায় রমজান মাসে সব ধরনের আলোকসজ্জা পরিহার এবং ব্যক্তিগত যানবাহন ব্যবহার কমিয়ে গণপরিবহন ব্যবহারের অনুরোধ জানিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। পাশাপাশি বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহারে সাশ্রয়ী হতে অনুরোধ জানিয়ে সবার সহযোগিতা কামনা করেছে মন্ত্রণালয়। গতকাল বুধবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এটি জানানো হয়েছে। মধ্যপ্রাচ্যে চলমান অস্থিরতার কারণে সারা বিশ্বে জ্বালানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়, এর ফলে অনিবার্যভাবে দেশের জ্বালানি খাতেও সাময়িক সংকট তৈরির ৩ এর পাতায় দেখুন

শঙ্কা কেটেছে ডা. মাহমুদা মিতুর নিজেই লিখলেন ভালো খবর

ঝালকাঠি প্রতিনিধি
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ডেপুটি চিফ অর্গানাইজার ডা. মাহমুদা আলম মিতুর শারীরিক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে। এক সপ্তাহের বেশি সংকটাপন্ন অবস্থায় চিকিৎসাধীন থাকার পর বুধবার (৪ মার্চ) দুপুর ১টার দিকে তার ভেরিফায়েড ফেসবুক পেজে বর্তমানে তিনি আগের চেয়ে ভালো আছেন জানান এবং এলাকাবাসীর জন্য আশার খবর দিয়েছেন। পোস্টে তিনি লেখেন, টানা আট দিন মৃত্যুর সঙ্গে লড়াইয়ের পর এখন তার শারীরিক অবস্থা আগের চেয়ে ভালো। চিকিৎসাধীন অবস্থায় ড্রেইন টিউব ও ক্যানুলা খুলে নেওয়ার পর নিজেকে কিছুটা স্বস্তিতে অনুভব করছেন। দীর্ঘ সময় আইভি সাপোর্টে থাকায় হাতে ক্যানুলা দেওয়ার জায়গা না থাকায় শেষ পর্যন্ত শিশুদের ক্যানুলা ব্যবহার করতে হয়েছে বলেও ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় আদালতের শুনানি চলাকালে দুই আইনজীবীর মারামারি

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালী কলাপাড়ায় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের শুনানি চলাকালীন দুই আইনজীবির মধ্যে হাতাহাতি মারামারির ঘটনা ঘটেছে। এসময় উদ্ভূত পরিস্থিতিতে বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রাব্বি ইসলাম রনি আদালতের কার্যক্রম সাময়িক মূলতবি করে এজলাস থেকে বের হয়ে যান। বুধবার দুপুরে এ ঘটনা ঘটে। আদালত সূত্র, আইনজীবি ও বিচারপ্রার্থীদের সূত্রে জানা যায়, জমিজমা সংক্রান্ত সিআর ১০/২০২৫ নং মামলার শুনানি শুরু হয়। এসময় মামলার আসামীদের স্থায়ী জামিন প্রার্থনা করেন তাদের আইনজীবীরা। বিষয়টি নিয়ে এজলাসে উপস্থিত আইনজীবীদের মধ্যে হট্টগোল শুরু হয়। একপর্যায়ে সিনিয়র ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে মধ্যরাতে ভয়াবহ অগ্নিকাণ্ড, ৬ দোকান ভষ্মীভূত

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় গভীর রাতে সংঘটিত ভয়াবহ অগ্নিকাণ্ডে ৬টি দোকান সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। এতে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের দাবি অনুযায়ী প্রায় ১৫ লাখ টাকার মালামাল ও অবকাঠামোর ক্ষয়ক্ষতি হয়েছে। মঙ্গলবার (৩ মার্চ) দিবাগত রাত আনুমানিক ২টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়ন পরিষদের সামনে তিমিরকাঠি বোর্ডের হাট বাজার এলাকায় এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্র জানায়, বাজারের সাঈদের ৩ এর পাতায় দেখুন



চরফ্যাশনে অবৈধ সেঁচ পাম্পিংয়ের প্রভাবে অকার্যকর দেড় হাজার নলকূপ

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশন উপজেলায় অবৈধ সেচ পাম্পিংয়ের কারণে ভূগর্ভস্থ পানির স্তর অস্বাভাবিকহারে নিচে নেমে গেছে। এতে ওই উপজেলার পাঁচটি এলাকার প্রায় ১ লক্ষ ৮১ হাজার ৯৪ জন মানুষ সুপেয় পানির অভাবে চরম ভোগান্তিতে পড়েছেন। এসব এলাকার বাসিন্দাদের অভিযোগ, চাষাবাদের জন্য সাবমারসিবল সেচ পাম্প দিয়ে অবৈধভাবে মাত্রাতিরিক্ত পানি উত্তোলনের ফলে হস্তচালিত প্রায় দেড় হাজার নলকূপ অকার্যকর হয়ে পড়েছে। কৃষকদের ভাষায়, পাশ্ববর্তী খালে পানি থাকায় ভূগর্ভস্থ থেকে সাব মারসিবল ৩ এর পাতায় দেখুন

বরগুনায় গাঁজাসহ নারী কারবারি আটক

বরগুনা প্রতিনিধি
বরগুনায় মাদক নিয়ন্ত্রণ অধিদফতরের একটি টিম দেড় কেজি গাঁজাসহ সাথী আক্তার রুবি নামে এক নারী মাদক কারবারিকে আটক করেছে। মঙ্গলবার (৩ মার্চ) রাতে সদরের বদরখালী ইউনিয়নের ফুলতলা নতুন আবাসনের ৪৩ নম্বর ঘর থেকে তাকে আটক করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার সন্ধ্যার পরে বরগুনা সদরের বদরখালী ইউনিয়নের ফুলতলা নতুন আবাসনের ৪৩ নম্বর ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com